# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 08, 1433 Bangla, April 21, 2026, Tuesday, No. 108, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tareq Rahman has said, accountable government has been established in country after more than a decade of fascism; people have got back their lost democratic rights. [R. Today: 24]

This year's SSC and its equivalent examinations begin today, more than 1.85 lakh candidates are participating in the exams. [Jago FM :12]

Foreign Minister Dr. Khalilur Rahman has requested Iran to facilitate safe passage of Bangladeshi vessels through Strait of Hormuz. [BBC : 4]

BNP has announced a list of 36 candidates for reserved women seats in Parliament, Jamaat-led 11-party alliance finalises 13 nominees. [R. Today: 26] [BBC: 3]

Bangladesh has completed initial signing of Partnership Cooperation Agreement with European Union. [BBC: 4]

Bangladesh Passenger Welfare Association has alleged that conspiracy is going on to increase bus & launch fares under leadership of influential bus & launch owners' association, violating int'l consumer rights laws. [Jago FM: 21]

There are reports of attack, vandalism and land grabbing at a temple belonging to a local indigenous community at Birganj Upazila in Dinajpur. [DW: 10]

Israel has carried out attack on Lebanon again, despite announcement of a ceasefire. [BBC: 7]

A 7.7 magnitude earthquake strikes at the north-east coast of Japan, triggering warnings of tsunami waves. [BBC: 27]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

## দৈনিক মনিটরিং রিপোর্ট
### মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
### বৈশাখ ০৮, বাংলা ১৪৩৩, এপ্রিল ২১, ২০২৬, মঙ্গলবার, নং- ১০৮, ৫৬তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, এক দশকেরও বেশি সময়ের ফ্যাসিবাদের পর দেশে জবাবদিহিমূলক সরকার প্রতিষ্ঠিত হয়েছে, জনগণ ফিরে পেয়েছে তাদের হারানো গণতান্ত্রিক অধিকার। [রে. টুডেঃ ২৪]

এ বছরের এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়েছে আজ। পরীক্ষায় অংশ নিয়েছে সাড়ে ১৮ লাখেরও বেশি পরীক্ষার্থী। [জাগো এফএম:১২]

হরমুজ প্রণালি দিয়ে বাংলাদেশি জাহাজগুলোকে নিরাপদে ও নির্বিঘ্নে চলাচল করতে দেওয়ার জন্য ইরানের প্রতি অনুরোধ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। [বিবিসি : ৪]

সংসদে মহিলাদের জন্য সংরক্ষিত আসনে ৩৬ জন প্রার্থীর তালিকা ঘোষণা করেছে বিএনপি, জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের ১৩ নারীকে মনোনয়ন প্রদান। [রে. টুডেঃ ২৬ ] [বিবিসিঃ ৩]

ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে 'অংশীদারিত্ব ও সহযোগিতা চুক্তি'র বিষয়ে প্রাথমিক স্বাক্ষর সম্পন্ন করেছে বাংলাদেশ। [বিবিসি:৪ ]

আন্তর্জাতিক ক্রেতা-ভোক্তা অধিকার আইন লঙ্ঘন করে বাস ও লঞ্চের প্রভাবশালী মালিক সমিতির নেতৃত্বে একচেটিয়া ভাড়া বাড়ানোর পাঁয়তারা চলছে - অভিযোগ বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির। [জাগো এফএম:২১ ]

দিনাজপুরের বীরগঞ্জ উপজেলায় স্থানীয় আদিবাসী সম্প্রদায়ের একটি মন্দিরে হামলা ও ভাঙচুরের অভিযোগ। [ডয়চে ভেলেঃ ১০ ]

যুদ্ধবিরতি ঘোষণার পরও লেবাননে ফের হামলা চালিয়েছে ইসরায়েল। [বিবিসি:৭ ]

জাপানের উত্তর-পূর্ব উপকূলে ৭.৭ মাত্রার ভূমিকম্প অনুভূত, সুনামির সতর্কতা জারি। [বিবিসি:২৭ ]

# বিবিসি

## বগুড়া সিটি করপোরেশনের উদ্বোধন করলেন তারেক রহমান

বাংলাদেশের ১৩তম সিটি করপোরেশন হিসেবে যাত্রা শুরু করল 'বগুড়া সিটি করপোরেশন'। সোমবার বেলা ১২টার দিকে প্রধানমন্ত্রী তারেক রহমান আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন। বিকেলে শহরের আলতাফুন্নেছা খেলার মাঠে আয়োজিত জনসভায় ভাষণ দেওয়ার কথা রয়েছে তার। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর এবার প্রথম বগুড়া সফরে গেলেন মি. রহমান। সোমবার ভোর সোয়া ৬টার দিকে গুলশান অ্যাভিনিউ-এর বাসা থেকে স্ত্রী ডা. জুবাইদা রহমানকে সঙ্গে নিয়ে সড়ক পথে বগুড়ার উদ্দেশ্যে রওয়ানা হন প্রধানমন্ত্রী। সকাল ১০টার দিকে তিনি বগুড়া সার্কিট হাউসে পৌঁছান। এরপর বগুড়া জেলা আইনজীবী সমিতির নতুন বহুতল ভবন উদ্বোধন করেন। পরে বেলা ১২টার দিকে বগুড়া সিটি করপোরেশন উদ্বোধন করেন। দেশের অন্য সিটি করপোরেশনগুলো হলো- ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন; নারায়ণগঞ্জ সিটি করপোরেশন; চট্টগ্রাম সিটি করপোরেশন; খুলনা সিটি করপোরেশন; রাজশাহী সিটি করপোরেশন; বরিশাল সিটি করপোরেশন; সিলেট সিটি করপোরেশন; কুমিল্লা সিটি করপোরেশন; রংপুর সিটি করপোরেশন; গাজীপুর সিটি করপোরেশন এবং ময়মনসিংহ সিটি করপোরেশন।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## সংস্কার প্রশ্নে জনগণকে বিভ্রান্ত করার ষড়যন্ত্র হচ্ছে: প্রধানমন্ত্রী তারেক রহমান

সংস্কার প্রশ্নে জনগণকে বিভ্রান্ত করার ষড়যন্ত্র হচ্ছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার বগুড়ায় বিকালে সাড়ে পাঁচটায় এক জনসভায় এই কথা বলেন তিনি। জুলাই সনদের প্রতিটি শর্ত বাস্তবায়ন করা হবে বলে জানান তিনি। প্রধানমন্ত্রী বলেন, "কিন্তু বারবার পরিষ্কারভাবে এই কথা বলে দেওয়ার পরেও আমরা দেখলাম যে, কিছু রাজনৈতিক দল সংসদে এবং সংসদের বাইরে জনগণকে বিভ্রান্ত করার জন্য কিছু কথাবার্তা তারা বলা শুরু করেছে।" সংস্কার প্রসঙ্গে জনগণকে বিভ্রান্ত করা হচ্ছে উল্লেখ করে বলেন, "আজকে ষড়যন্ত্রের গন্ধ পাচ্ছি আমরা। খেয়াল করে দেখবেন, যারা এই সংস্কার সংস্কার কথা বলে জনগণকে তারা বিভ্রান্ত করতে যাচ্ছে, যারা জুলাই সনদ সম্পর্কে বিভ্রান্ত করতে চাচ্ছে, তারা কিন্তু নারীর স্বাধীনতা অথবা নারীর উন্নয়ন নিয়ে কোনো কথা বলে না, বাংলাদেশের মানুষের চিকিৎসার জন্য যে কমিশন করা হয়েছিল, বাংলাদেশের মানুষ যাতে ঔষধ সহজে পেতে পারে, চিকিৎসা সহযোগিতা পেতে পারে, সেসব বিষয়ে তারা কোনো কথা বলে না। কীভাবে প্রশাসনকে ঠিক করতে হবে, সেইটির কথা তারা বলে না, কীভাবে আইন-শৃঙ্খলা ঠিক করতে হবে, সেইটির কথা তারা বলে না।" গুপ্ত বিভ্রান্তকারীরা আবারও বিভ্রান্তের কাজ শুরু করেছে বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী। যারা দেশের স্বাধীনতাকে বিশ্বাস করে না, তাদের বিশ্বাস করা যায় না বলে মন্তব্য করেছেন তিনি। (বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রুবাইয়া)

## ১৩ সংরক্ষিত নারী আসনে মনোনয়ন ঘোষণা করেছে জামায়াতে ইসলামী-এনসিপি জোট

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ১৩ জনকে মনোনয়ন দিয়েছে জামায়াতে ইসলামীসহ ১১ দলীয় জোট। সন্ধ্যায় এক প্রেস ব্রিফিং-এ এই ঘোষণা দিয়েছেন জামায়াতে ইসলামীর সহকারি সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। মি. আযাদ জানান, ১১ দলের পক্ষ থেকে ১৩টি আসনে মনোনয়ন দেওয়া হয়েছে। তারা মনোনয়নপত্র দাখিল করবেন। ১৩টি আসনের মধ্যে জামায়াতে ইসলামীর আটজন, জাতীয় নাগরিক পার্টির দুইজন, বাংলাদেশ খেলাফত মজলিশের একজন, জাতীয় গণতান্ত্রিক পার্টির একজন এবং জুলাই পরিবারের একজন প্রতিনিধিকে মনোনয়ন দেওয়া হয়েছে। জামায়াত থেকে যারা সংসদ সদস্য হচ্ছেন, তারা হলেন- কেন্দ্রীয় মহিলা বিভাগের সেক্রেটারি নূরুন্নিসা সিদ্দীকা, সহকারী সেক্রেটারি মারজিয়া বেগম, আইন ও মানবাধিকারবিষয়ক সম্পাদক সাবিকুন নাহার মুন্নি, সদস্য মারদিয়া মমতাজ, সদস্য নাজমুন নাহার নীলু, সিলেটের নেত্রী মাহফুজা সিদ্দিকা, বগুড়ার নেত্রী ও সাবেক উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাজেদা সামাদ এবং খুলনা মহানগরীর সেক্রেটারি সামসুন নাহার। এনসিপির দুইজন হলেন- দলের নারী সংগঠন 'জাতীয় নারীশক্তির, আহ্বায়ক মনিরা শারমিন ও সদস্য সচিব মাহমুদা আলম মিতু। এছাড়া, জাগপার চেয়ারম্যান তাসমিয়া প্রধান এবং বাংলাদেশ খেলাফত মজলিশের নারী মজলিশের সদস্য মাহবুবা হাকিমকে জোটের পক্ষ থেকে মনোনয়ন দেওয়া হয়েছে। এ ছাড়া, জুলাই আন্দোলনে মারা যাওয়া শিশু জাবির ইব্রাহিমের মা রোকেয়া বেগমকে মনোনয়ন দিয়ে সংসদে নিচ্ছে ১১ দলীয় ঐক্য। নিজেদের দলের মনোনয়ন প্রক্রিয়া উল্লেখ করতে গিয়ে বলেন, "অন্যান্য দলে যেমন আবেদন করতে হয়, আমাদের দলে তা করতে হয় না। আমাদের সিস্টেম হচ্ছে, দল যাকে এই জায়গায় যোগ্য মনে করে, তাকে মনোনয়ন দেয়।" (বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রুবাইয়া)

## কাগজপত্র থাকলে সৌদিতে রোহিঙ্গাদের বাংলাদেশি পাসপোর্ট দেওয়ার নির্দেশ

সৌদি আরবে অবস্থানরত রোহিঙ্গাদের বাংলাদেশি নথিপত্র রয়েছে , তাদেরকে দ্রুত পাসপোর্ট দেওয়ার নি র্দেশনা দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার সচিবালয়ে ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত আব্দুল্লাহ জাফর এইচ বিন আবিয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এমন নির্দেশনা দিয়েছেন বলে এক বিবৃতিতে জানিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সেখানে আরও বলা হয়েছে , বৈঠকে তারা দুইদেশের আইন -শৃঙ্খলা ও নিরাপত্তা ইস্যু , সৌদি আরবে বসবাসরত ৬৯ হাজার মিয়ানমারের নাগরিক তথা রোহিঙ্গাদের বাংলাদেশি পাসপোর্ট প্রদান , পর্যটন ও জ্বালানি খাতে সৌদি বিনিয়োগ বৃদ্ধিসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এসময় সৌদি আরবে অবস্থানর ত রোহিঙ্গার বাংলাদেশি পাসপোর্ট প্রদানের প্রসঙ্গ তুলে সেটির প্রক্রিয়াকে আরো ত্বরান্বিত করার ওপর গুরুত্বারোপ করেন রাষ্ট্রদূত। জবাবে মন্ত্রী জানান, প্রয়োজনীয় কাগজপত্র বা প্রমাণ সাপেক্ষে ইতোমধ্যে ২২ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট প্রদান করা হয়েছে। এই প্রক্রি য়া ত্বরান্বিত করতে বাংলাদেশ থেকে বিশেষ টিমও সৌদিতে পাঠানো হয়েছে। "যে-সব মিয়ানমার নাগরিকের বাংলাদেশি ডকুমেন্টস রয়েছে বা যারা প্রয়োজনীয় শর্ত পূরণ করেছে , তাদের দ্রুত পাসপোর্ট প্রদান করতে হবে ,„ বলেন স্বরাষ্ট্রমন্ত্রী মি . আহমদ। এক্ষেত্রে সৌদি আরব থেকে পূর্ণা ঙ্গ তালিকা নিয়ে পুনরায় যাচাই-বাছাই করার নির্দেশনা প্রদান করেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## ইইউ'র সঙ্গে 'অংশীদারিত্ব ও সহযোগিতা চুক্তির বিষয়ে প্রাথমিক স্বাক্ষর শেষ করল বাংলাদেশ

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) সঙ্গে 'অংশীদারিত্ব ও সহযোগিতা চুক্তির (পিসিএ) বিষয়ে ইনিশিয়াল সাইনিং বা প্রাথমিক স্বাক্ষর সম্পন্ন করেছে বাংলাদেশ। সোমবার ব্রাসেলসে ইইউ সদর দপ্তরে দু 'পক্ষের মধ্যে ইনিশিয়াল সাইনিং হয়। এসময় বাংলাদেশের পক্ষে সচিব মুহাম্মদ নজরুল ইসলাম এবং ইইউর পক্ষে ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর পাওলা পাম্পালনি ইনিশিয়াল সাই নিং করেন। পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান , প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং ইউরোপিয়ান কমিশনের হাই-রিপ্রেজেনটেটিভ কাজা কাল্লাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। (বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## দুর্নীতি করলে ২৪ ঘণ্টাও থাকতে পারবে না : শিক্ষামন্ত্রী

শিক্ষা মন্ত্রণালয়ে যারা দুর্নীতি করবে , তারা ২৪ ঘণ্টাও থাকতে পারবেন না মন্তব্য করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। এসএসসি ও সমমানের পরীক্ষা নিয়ে সোমবার সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। "আমি এই মন্ত্রী, এই মন্ত্রণালয়ে যে দুর্নীতি করবে, ২৪ ঘণ্টা থাকতে পারবে না, এখনো করছি। আজকেও একজনকে বিদায় দিয়েছি,„ বলেন মি. মিলন। সংবাদ সম্মেলনে মন্ত্রী আরও জানিয়েছেন যে, পরবর্তী এসএসসি পরীক্ষা আগামী ডিসেম্বর মাসে নেওয়া যায় কি -না, সেটি খতিয়ে দেখা হচ্ছে। তবে বি ষয়টি নিয়ে চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি বলে জানান তিনি।(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালি দিয়ে বাংলাদেশি জাহাজ চলাচল করতে দেওয়ার অনুরোধ পররাষ্ট্রমন্ত্রীর

হরমুজ প্রণালি দিয়ে বাংলাদেশি জাহাজগুলোকে নিরাপদে ও নির্বিঘ্নে চলাচল করতে দেওয়ার জন্য ইরা নের প্রতি অনুরোধ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। তুরস্কে ইরানের উপ -পররাষ্ট্রমন্ত্রী সাঈদ খতিবজাদেহর সঙ্গে বৈঠকে তিনি এ অনুরোধ জানান বলে সোমবার এক বিবৃতিতে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। (বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## সংসদে সংরক্ষিত নারী আসনে বিএনপির মনোনয়ন পেলেন যারা

শত শত আবেদন, যাচাই-বাছাইয়ের পর অবশেষে জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে মনোনীত প্রার্থীদের নাম ঘোষণা করেছে সরকারি দল বিএনপি। সোমবার বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী প্রার্থীদের নাম ঘোষণা করেন। তালিকায় জায়গা পেয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান। এছাড়াও মনোনীত হয়েছেন, নিপুণ রায় চৌধুরী , সানজিদা ইসলাম তুলি , শিরীন সুলতানা, রাশেদা বেগম হীরা, রেহানা আক্তার রানু , নেওয়াজ হালিমা আরলী , ফরিদা ইয়াসমিন, বিলকিস ইসলাম, সাকিলা ফারজানা এবং হেলেন জেরিন খান। আরও জায়গা পেয়েছেন নিলোফার চৌধুরী মনি , জীবা আমিনা খান, মাহমুদা হাবিবা, সাবিরা সুলতানা, সানসিলা জেবরিন, সুলতানা আহমেদ, ফাহমিদা হক, আন্না মিনজ, সুবর্ণা শিকদার, শামীম আরা বেগম স্বপ্না, শাম্মী আক্তার ও ফেরদৌসী আহমেদ। তালিকায় আরও নাম রয়েছে- বিথীকা বিনতে হোসাইন, সুরাইয়া জেরিন, মানসুরা আক্তার, জহরত আদিব চৌধুরী , মমতাজ আলো, ফাহিমা নাসরিন, আরিফা সুলতানা, সানজিদা ইয়াসমিন, শওকত আরা আক্তার , মাধবী মারমা, সেলিনা সুলতানা এবং রেজেকা সুলতানা। উল্লেখ্য যে , বাংলাদেশের জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসন ৫০টি। এর মধ্যে গত নির্বাচনের ফলাফল অনুযায়ী , বিএনপি জোট ৩৬টি, জামায়াত

জোট ১৩টি এবং স্বতন্ত্ররা সবাই মিলে একটি সংরক্ষিত আসনে নারী মনোনয়ন দিতে পারবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## এলপিজির দাম বাড়তে বাড়তে কোথায় গিয়ে ঠেকবে?

লিকুফায়েড পেট্রোলিয়াম গ্যাস কিংবা তরলীকৃত প্রাকৃতিক গ্যাস, যা এলপিজি নামে পরিচিত- এই জ্বালানির দাম এক মাসের মধ্যেই দুই দফায় বাড়ানো হয়েছে। বাংলাদেশে ডিজেল, অকটেন, পেট্রোল, কেরোসিনসহ সব ধরনের জ্বালানি তেলের দাম বৃদ্ধির দিনেই দ্বিতীয় দফায় এলপিজিরও দাম বাড়ানো হয়েছে। এর আগে, এপ্রিলের শুরুতে এক দফা দাম বাড়ানোর পর গতকাল আবারও প্রতি কেজি এলপিজির দাম ১৭ টাকা ৬২ পয়সা বৃদ্ধি করেছে বিইআরসি। গতকাল ১৯ এপ্রিল সন্ধ্যা থেকেই নতুন এই দাম কার্যকর করা হয়েছে। নতুন দামে বাজারে সবচেয়ে বেশি ব্যবহৃত ১২ কেজি এলপিজি সিলিন্ডারের মূল্য ১ হাজার ৭২৮ টাকা থেকে বেড়ে হয়েছে ১ হাজার ৯৪০ টাকা। অর্থাৎ, এক মাসের ব্যবধানে শুধু ১২ কেজির সিলিন্ডারেই দাম বেড়েছে ২১২ টাকা। এর আগে, এপ্রিলের শুরুতে প্রতি কেজিতে ৩২ টাকা ৩০ পয়সা বাড়ানো হয়েছিল। এ নিয়ে এই বছর পাঁচ দফায় এলপিজির দাম সমন্বয় করা হলো। যদিও অভিযোগ রয়েছে যে, সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে বাজারে এলপিজি সিলিন্ডার বিক্রি হচ্ছে। এদিকে, এভাবে দফায় দফায় এলপিজির দাম বাড়ার কারণে সাধারণ মানুষের দৈনন্দিন ব্যয়ের ওপর চাপ তৈরি হচ্ছে। বিদ্যুৎ ও জ্বালানি খাতের নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) বলছে, এলপিজির দাম সহসা কমার সম্ভাবনা কম, বরং আরও বাড়তে পারে।

**দাম বাড়ায় ভোক্তাদের ভোগান্তি**

২০২১ সালের এপ্রিল থেকে এলপিজির দাম নির্ধারণ করে আসছে বিইআরসি। যদিও বিইআরসির বেঁধে দেওয়া দামে বাজারে এলপিজি বিক্রি হয় না, এমন অভিযোগ রয়েছে ভোক্তাদের। বিবিসি বাংলা আজ সোমবার ঢাকার বিভিন্ন এলাকায় ঘুরে এমন তথ্যই পেয়েছে। দেখা গেছে, বাজারে বরাবরই নির্ধারিত দামের চেয়ে ২০০-৩০০ টাকা বেশি দামে এলপিজি বিক্রি করা হচ্ছে। এ বিষয়ে বিইআরসি পরিচালক (গ্যাস) মো. হেলাল উদ্দিন তালুকদার বিবিসি বাংলাকে বলেন, "আমরা জানি যে এটা হচ্ছে। আমাদেরও তো কিনে খেতে হয়। সব সময় না হলেও গত দুই তিন মাস ধরে এটা হচ্ছে। আমরা চেষ্টা করছি, (নজরদারির)...স্থানীয় প্রশাসনকে জানানোর।„ এলপিজির ১২ কেজি সিলিন্ডার সবচেয়ে বেশি ব্যবহৃত হয় গৃহস্থালির কাজে এবং এক সময় এগুলোর শহরাঞ্চলে বেশি ব্যবহৃত হলেও, এখন এর বিচরণ শহরতলী বা গ্রামে-গঞ্জেও। বাংলাদেশের দক্ষিণের জেলা পটুয়াখালীর বাউফল উপজেলার এক নারী সেলিনা আক্তার বিবিসি বাংলাকে বলছিলেন, "বৃষ্টি বাদলার দিন। সব সময় লাকড়ির চুলায় (মাটির চুলা) রান্নাবান্না করা যায় না। সেজন্য অনেক বছর হইলো গ্যাসের চুলাও আছে আমার ঘরে। যখন সময় থাকে না, উপায় থাকে না, তখন গ্যাসে চড়াই (রান্না করি)। কিন্তু এখন যেভাবে দাম বাড়তেছে, তাতে মনে হয় না আপাতত গ্যাসের সিলিন্ডারের খরচ আমি কুলায়ে (সামলে) উঠতে পারবো।„ এর বাইরে, ছোটো ছোটো গার্মেন্টস এবং রেস্টুরেন্টেও এখন এলপিজি গ্যাস ব্যবহার করা হয়। বিবিসি বাংলা সরেজমিনে যাওয়ার পর বিভিন্ন রেস্টুরেন্টসহ ফুটপাতের বিভিন্ন ভাসমান দোকানে কথা বলে জানা গেছে, গ্যাসের দাম বাড়ায় তারা এখন খাবারের দাম বাড়ানোর চিন্তা করছে। পরিবহণ খাতেও এখন এলপিজির জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা অনেক।

কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর জ্বালানি উপদেষ্টা এম শামসুল আলম বিবিসি বাংলাকে বলছিলেন, "রান্নায় এলপিজির অবস্থান স্যাচুরেশনে চলে গেছে।„ অর্থাৎ, ইতোমধ্যে অনেক মানুষ এলপিজি ব্যবহার করছে। পরিবহণে, শিল্পেও এলপিজির ব্যবহার বাড়ছে বলে তিনি জানান। এক মাসে দুইবার দাম বাড়ার বিষয়টা "ভয়াবহ„ উল্লেখ করে তিনি বলেন, এভাবে দাম বাড়লে ভোক্তারা দীর্ঘমেয়াদে সামাল দিতে পারবে না এবং নির্দিষ্ট কোনো পণ্য বা সেবার দাম এভাবে বাড়লে ভোক্তা তখন অন্য সেবা বা পণ্য কেনা থেকে বিরত রাখে।„ সামগ্রিকভাবে দেশের অর্থনীতিতে তার প্রভাব পড়ে বলে তিনি বলছেন। "সে তার ভোগ ব্যয় কমিয়ে অবস্থার মোকাবিলা করে। তখন পণ্য সরবরাহ নিয়ন্ত্রিত হয়ে যায়। পণ্য সরবরাহ কমে গেলে ব্যবসা কমে যায়। ব্যবসা কমলে ভ্যাট-ট্যাক্স কমে যায়, সরকারের আয় কমে যায়। তখন সরকার ব্যাংক থেকে লোন করে তার বাজেট সমন্বয় করে। আর লোন বেশি হলে বেসরকারি প্রতিষ্ঠানগুলো লোনের সংকটে পড়ে ও তাদের ব্যবসা-বাণিজ্যে ভাটা পড়ে।„ "তারপর যখন সরকার কুলাতে পারে না, তখন টাকা ছাপায় এবং টাকার মান তখন কমে যায়। তখন আপনি ভোক্তা হিসেবে দ্রব্যমূল্যের স্ফীতির শিকার হন। অপরদিকে মান কমার কারণে আয় সংকুচিত হয়ে যায়, ক্রয়ক্ষমতা কমে। তখন সামাজিক ও রাজনৈতিক অস্থিরতা নেমে আসে। অর্থনীতি বিপন্ন হয় ও জিডিপি প্রবৃদ্ধি নেমে যায়,„ ব্যাখ্যা করেন তিনি।

**কী কারণে দাম বাড়াতে হলো?**

বিইআরসি জানিয়েছে, মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল বন্ধ থাকায় বিকল্প পথে আমদানি করতে সময় ও খরচ বেড়েছে, পাশাপাশি বেড়েছে বিমা ও নিরাপত্তা ব্যয়। এ কারণে সরবরাহ স্বাভাবিক রাখতে প্রতি মেট্রিক টনে ২৫০ ডলার অতিরিক্ত খরচ ধরে সাময়িকভাবে বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের ভোক্তা পর্যায়ের দাম সমন্বয় করা হয়েছে। বিইআরসি পরিচালক (গ্যাস) মো. হেলাল উদ্দিন তালুকদার বিবিসিকে বলছিলেন, সুনির্দিষ্ট কোনো নিয়ম না থাকলেও, আগে সাধারণত মাসে একবার দাম সমন্বয় করা হতো। কিন্তু এখন "সামগ্রিক পরিস্থিতির কারণে„ এপ্রিল মাসে দুই দফায় দাম বাড়াতে হয়েছে। তিনি জানান, "এখন জাহাজের ভাড়া বেড়ে গেছে। মাঝখানে আমরা এলপিজির দাম না বাড়ানোর কারণে আমদানি করা হয় নাই। তখন ঝামেলা হয়ে গেছে।„ "আমরা যদি আগাম দাম ধরে না দিই, তাহলে ওরা (ইম্পোর্টাররা) নতুন করে এলপিজি ইম্পোর্ট করবে না। তাই আমরা বর্তমানে কার্গোর যে ভাড়া, সেটা সমন্বয় করছি শুধু। যেহেতু ডিজেলের দাম বাড়ছে, তাই পরিবহণ খরচও বাড়ছে। আবার ডলারের সাথেও অ্যাডজাস্ট হইছে।„ যদিও ক্যাব-এর জ্বালানি উপদেষ্টা এম শামসুল আলম মনে করেন, দাম বাড়ানোর কারণ হিসেবে বিইআরসি যে যুক্তি দিচ্ছে, তা সঠিক না। তার ভাষায়, "এ যুক্তি একতরফা।„ তিনি মনে করেন, "যে পণ্য আসেনি এখনো বাজারে, সেই পণ্যের মূল্য আগাম ধরে নির্ধারণ করে দেওয়া, এটা কী করে সম্ভব? আপনি আমদানি করলেন না, কিন্তু আগেই দাম ধরে দিলেন।„ "গণশুনানি„ হলে দাম বাড়ানোর প্রয়োজনীয়তা বা যৌক্তিকতা বোঝা যেত উল্লেখ করে তিনি প্রশ্ন করেন, "তারাই বলছে মাসে একবার দাম নির্ধারণ করবে, তারাই তাহলে দুইবার কেন করছে?„ তবে বিইআরসি পরিচালক (গ্যাস) মো. হেলাল উদ্দিন তালুকদার বলেছেন, "এলপিজি গ্যাসে দাম নির্ধারণ গণশুনানির মাধ্যমে হয় না। গণশুনানি হয় দেশীয় গ্যাসের ক্ষেত্রে। এলপিজির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক থেকে ডেটা নিয়ে ইম্পোর্ট দাম দেখা হয়। তারপর নির্ধারণ হয়।„

উল্লেখ্য, বাংলাদেশে অ্যানার্জি রেগুলেটরি কমিশনের তৎকালীন সহকারী পরিচালক শাহাদত হোসেন ২০২১ সালে বিবিসি বাংলাকে বলেছিলেন, গণশুনানি এবং দাম সমন্বয়ের বিষয়টি একটু ভিন্ন। প্রতিমাসেই এলপিজির দাম সমন্বয় করা হয়। আর গণশুনানি হয় বিশেষ বিশেষ ক্ষেত্রে। প্রতিমাসে দাম সমন্বয়ের বিষয়ে মি. হোসেন বলেছিলেন, এলপিজি এমন একটি পণ্য, যেটি বিদেশ থেকে আমদানি করা হয়। আর এ কারণেই আন্তর্জাতিক বাজারে দাম ওঠা-নামা করলে সে হিসেবে বাংলাদেশেও পণ্যটির দাম সমন্বয় করা হয়। এটি বিইআরসি করে থাকে। আর গণশুনানিতে এলপিজির মজুত ও বোতলজাতকরণের সাথে সংশ্লিষ্ট লাইসেন্স রয়েছে, এমন ব্যবসায়ী এবং ভোক্তাদের প্রতিনিধিরা থাকেন। সেখানে দুইপক্ষের যুক্তি ও পাল্টা যুক্তি-দুটোই আমলে নিয়ে মাঝামাঝি একটি দাম নির্ধারণ করা হয়। এই কাজটিও করে থাকে বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন। এর মধ্যে, এলপিজির দাম বৃদ্ধি নয়, বরং বেসরকারি এলপিজির মজুত ও বোতলজাত করার চার্জ, পরিবহণ খরচ, বিতরণ খরচ, রিটেইলার চার্জ ইত্যাদি বিবেচনায় নিয়ে দাম নির্ধারণ করা হয়।

**এলপিজির দাম কোথায় গিয়ে থামবে?**

এমন পরিস্থিতিতে প্রশ্ন উঠছে, এলপিজির এই ঊর্ধ্বমুখী ধারা কোথায় গিয়ে থামবে এবং এরপর নতুন করে যে এলপিজি আমদানি করা হবে, সেগুলোর দামও কি আরও বাড়বে? এ বিষয়ে বিইআরসি পরিচালক (গ্যাস) মো. হেলাল উদ্দিন তালুকদার বিবিসি বাংলাকে বলেন, "এরপর যেগুলো আসবে, সেগুলোর দাম যুদ্ধের পরিস্থিতির ওপর নির্ভর করবে। পরিস্থিতি খারাপ হলে বাড়তেও পারে। ২ মে আবার দাম সমন্বয় করা হবে।„ বিইআরসি থেকে জানা যায়, মার্কিন নিষেধাজ্ঞা বা জটিলতা থাকায় ইরান বা রাশিয়া থেকে এলপিজি আমদানি করে না বাংলাদেশ। মধ্যপ্রাচ্য, বিশেষ করে সৌদি আরব ও কাতার থেকে এলপিজি গ্যাস আমদানি করা হয় বাংলাদেশে। কিন্তু ইরানি হামলায় মধ্যপ্রাচ্যের অনেকগুলো প্লান্ট ক্ষতিগ্রস্ত হয়েছে, যা মেরামতে দীর্ঘ সময় প্রয়োজন হতে পারে। "তাই, এলপিজির সমস্যা সামনে আরও বাড়বে। এখন তো তাও পাওয়া যাচ্ছে। আমরা চাই, যে করেই হোক দেশে মাল আসুক,„ বলছিলেন মি. তালুকদার। উল্লেখ্য, বর্তমানে বাংলাদেশে বছরে এলপিজির চাহিদা প্রায় ২০ মিলিয়ন টন। কনজুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর জ্বালানি উপদেষ্টা এম শামসুল আলম বিবিসি বাংলাকে বলেন, এলপিজির বাজার এখন কোন পর্যায়ে আছে, তা পরিসংখ্যানগত বলা না গেলেও এটি স্পষ্ট যে, অন্য যে-কোনো জ্বালানির তুলনায় এলপিজির বাজার ব্যাপক। "গ্যাসের ক্ষেত্রে এটি সিএনজির বিকল্প হয়ে উঠেছে। পরিবহণে পেট্রোল-ডিজেলের বিকল্প হয়েছে। এখন এলপিজি যদি নিয়ন্ত্রিত দামে থাকে, তাহলে বাজার দ্রুত সম্প্রসারণ হতে পারে এবং অর্থনীতিতে জ্বালানি তেলের যে ভূমিকা, সেখানে এলপিজি চলে আসতে পারে,„ বলেন মি. শামসুল আলম।

বিবিসি ওয়েব পেজ : ২০.০৪.২০২৬ আলী আহমেদ)

## হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ছাড়বে না তেহরান, বিবিসিকে ইরানের জ্যেষ্ঠ রাজনীতিবিদ

যুক্তরাষ্ট্রের দেওয়া শর্ত মেনে ইরান 'কখনোই, হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ছাড়তে রাজি হবে না বলে বিবিসিকে জানিয়েছেন দেশটির জ্যেষ্ঠ রাজনীতিবিদ ইব্রাহিম আজিজি। "কখনোই না...এটি আমাদের মৌলিক অধিকার ,„ বলেন ইসলামিক রেভল্যুশনারি গার্ডস কোরের (আইআরজিসি) সাবেক কমান্ডার মি. আজিজি। "এমনকি কোন জাহাজ হরমুজ প্রণালি দিয়ে চলাচল করবে, সেটাও ইরানই নির্ধারণ করবে,„ যোগ করেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## ইরানি জাহাজ জব্দের খবরে আবারও বাড়তে শুরু করেছে তেলের দাম

মার্কিন নৌবাহিনীর হাতে ইরানের পতাকাবাহী কার্গো জাহাজ আটকের খবর প্রকাশিত হওয়ার পর বিশ্ববাজারে আবারও বাড়তে শুরু করেছে জ্বালানি তেলের দাম। ব্রেন্ট ক্রুড অয়েলের দাম ইতোমধ্যেই চার দশমিক ৭৪ শতাংশ বেড়ে ব্যারেলপ্রতি বিক্রি হচ্ছে ৯৪ দশমিক ৬৬ মার্কিন ডলারে। অন্যদিকে , যুক্তরাষ্ট্রের অপরিশোধিত তেলের মূল্যও পাঁচ দশমিক ছয় শতাংশ বেড়ে ৮৮ দশমিক ৫৫ ডলারে পৌঁছেছে। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ শুরু হওয়ার পর হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল প্রায় বন্ধ হয়ে যায়। এর পর থেকেই জ্বালানি তেলের দাম ব্যাপকভাবে ওঠানামা করতে দেখা যাচ্ছে। হরমুজ প্রণা লি দিয়ে বিশ্বের প্রায় ২০ শতাংশ জ্বালানি তেল এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) সরবরাহ করা হয়ে থাকে। যুদ্ধের কারণে সেটি রীতিমতো বন্ধ হয়ে গেছে।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## কার্গো জাহাজ জব্দের ঘটনা ঘিরে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে উত্তেজনা

ওমান উপসাগর থেকে ইরানের পতাকাবাহী কার্গো জাহাজ জব্দের ঘটনা ঘিরে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে। জাহাজ জব্দের ঘটনাকে 'সশস্ত্র জলদস্যুতা, ও 'যুদ্ধবিরতি লঙ্ঘন, বর্ণনা করে পাল্টা জবাব দেওয়ার হুমকি দিয়েছে তেহরান। এটি এমন একটি সময় ঘ টলো, যখন যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্র ও ইরানকে দ্বিতীয় দফায় আলোচনার টেবিলে বসানোর চেষ্টা করছে মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান। রোববার হোয়াইট হাউজ জানিয়েছে , ইসলামাবাদে দ্বিতীয় দফা আলোচনায় যুক্তরাষ্ট্রের পক্ষে নেতৃত্ব দেবেন দেশটির ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। তবে সেই আলোচনায় অংশ নেওয়ার বিষয়টি এখনও নিশ্চিত করেনি ইরান। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের খবরে বলা হয়েছে , যুক্তরাষ্ট্র নৌ অবরোধ তুলে না নিলে আলোচনায় অংশ নেবে না তেহরান। এর মধ্যেই ইরানি পতাকাবাহী কার্গো জাহাজ আটকের খবর দিলো মার্কিন যুক্তরাষ্ট্র। এ ঘটনায় দু ,পক্ষের মধ্যকার আলোচনা পুনরায় শুরুর প্রচেষ্টাটি আরও কঠিন হয়ে উঠতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## ইরানি জাহাজ আটকের আগে ছয় ঘণ্টা ধরে সতর্ক করা হয়েছে: যুক্তরাষ্ট্র

ইরানি পতাকাবাহী পণ্যবাহী যে জাহাজটি মার্কিন নৌবাহিনী আট ক করেছে, সেটিকে সরে যাওয়ার জন্য প্রায় ছয় ঘণ্টা ধরে সতর্ক করা হয়েছে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। সামাজিক মাধ্যম এক্সে দেওয়া একটি বিবৃতিতে এ কথা জানিয়েছে সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)। বিবৃতিতে বলা হয়েছে, বারবার সতর্ক করার পরও সেটি না মানার কারণে রোববার মার্কিন নৌ সেনারা হেলিকপ্টারে করে ঘটনাস্থলে যায় এবং ইরানি জাহাজটি কে আটক করে। ঘটনাটির একটি ভিডিও প্রকাশ করেছে সেন্টকম। সেখানে মার্কিন সেনাদেরকে হেলিকপ্টার থেকে দড়ি বেয়ে ইরানি জাহাজের ডেকের ওপর নামতে দেখা যাচ্ছে।(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## লেবাননে আবারও হামলা চালিয়েছে ইসরায়েল

আলোচনার মাধ্যমে যুদ্ধবিরতি ঘোষণার পরও লেবাননে ফের হামলা চালিয়েছে ইসরায়েল। রোববার রাতে দক্ষিণ লেবাননে এই হামলার ঘটনা ঘটে। আইডিএফের দাবি, তারা সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর স্থাপনাকে লক্ষ্য করে ওই হামলা চালিয়েছে। দক্ষিণ লে বাননের কিছু নির্দিষ্ট এলাকা থেকে সেখানকার বাসিন্দাদের সরে যাওয়ার আহ্বানও জানিয়েছে তারা। এরপর স্থানীয়দের অনেকেই পরিবারসহ অন্যত্র সরে যেতে শুরু করেছেন।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের সঙ্গে পুনরায় আলোচনার বিষয়ে সিদ্ধান্ত হয়নি: ইরানি মুখপাত্র

যুদ্ধ বন্ধে যুক্তরাষ্ট্রের সঙ্গে পুনরায় আলোচনার বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। এই খবর জানিয়েছে বার্তা সংস্থা এএফপি। "এই মুহূর্তে ...পরবর্তী দফায় আলোচনায় বসার পরিকল্পনা আমাদের নেই এবং এ বিষয়ে কোনো সিদ্ধান্তও চূড়ান্ত হয়নি ,„ বলেন মি. বাঘাই। এমন একটি সময় তিনি এই তথ্য জানালেন, যখন দ্বিতীয় দফায় শান্তি আলোচনার জন্য সোমবার ইসলামাবাদ যাচ্ছেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের খবরে বলা হয়েছে , যুক্তরাষ্ট্র নৌ অ বরোধ তুলে না নিলে

আলোচনায় অংশ নেবে না তেহরান। এর মধ্যেই ইরানি পতাকাবাহী কার্গো জাহাজ আটকের খবর দিলো মার্কিন যুক্তরাষ্ট্র। জবাবে মার্কিন সামরিক জাহাজে ড্রোন হামলা চালিয়েছে ইরান। এসব ঘটনায় দু ,পক্ষের মধ্যকার আলোচনা পুনরায় শুরুর প্রচেষ্টাটি আরও কঠিন হয়ে উঠতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## মার্কিন যুদ্ধজাহাজে ড্রোন হামলা চালিয়েছে ইরান

ইরানি পতাকাবাহী কার্গো জাহাজ জব্দের পাল্টা জবাব হিসেবে মার্কিন নৌবাহিনীর একটি যুদ্ধজাহাজে ড্রোন হামলা চালিয়েছে ইরান। এই খবর জানিয়েছে ইরানের আধা-সরকারি সংবাদ সংস্থা তাসনিম। তবে, ড্রোন হামলায় জাহাজটির কোনো ক্ষয়ক্ষতি হয়েছে কি -না বা হয়ে থাকলে কতটুকু ক্ষতি হয়েছে , সে বিষয়ে এখনও কোনো তথ্য পাওয়া যায়নি। এর আগে, রোববার ইরানি পতাকাবাহী পণ্যবাহী একটি জাহাজ আটক করে মার্কিন নৌবাহিনী। এই ঘটনাকে `সশস্ত্র জলদস্যুতা, ও `যুদ্ধবিরতি লঙ্ঘন, বর্ণনা করে পাল্টা জবাব দেওয়ার হুমকি দিয়েছিল তেহরান।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## শান্তি আলোচনা ঘিরে ইসলামাবাদে নিরাপত্তা জোরদার

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে দ্বিতীয় দফায় শান্তি আলোচনা শুরু করতে নিরাপত্তা জোর দার করা হয়েছে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে। বিদেশি প্রতিনিধিদের আগমনকে কেন্দ্র করে ইতোমধ্যেই সেরেনা হোটেল ও এর পাশপাশের গুরুত্বপূর্ণ সড়কগুলোতে সাধারণ মানুষ ও যানবাহন চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। সেই সঙ্গে , হোটেলটি ছেড়ে যাওয়ার জন্য সাধারণ অতিথিদের প্রতি আহ্বান জানানো হয়েছে। গত ১১ এপ্রিল এই হোটেলেই প্রথম দফায় শান্তি আলোচনা হয়েছিল ইরান ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদের মধ্যে। যদিও ওই আলোচনা সফল হয়নি। সোমবার পুনরায় এখানে আলোচনা শুরু হওয়ার কথা রয়েছে। সন্ধ্যায় ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্সের নেতৃত্বে মার্কিন প্র তিনিধিরা ইসলামাবাদ পৌঁছাবেন বলে জানিয়েছেন ট্রাম্প। কিন্তু ইরান জানিয়েছে , দ্বিতীয় দফার আলোচনা অংশ নেওয়ার বিষয় তারা এখনও চূড়ান্ত কোনো সিদ্ধান্ত নেয়নি।(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## ইরানি জাহাজ আটকের ঘটনায় চীনের উদ্বেগ

ইসলামাবাদে পুনরায় শান্তি আলো চনার শুরুর আগে মার্কিন নৌবাহিনীর হাতে ইরানি জাহাজ আটকের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে চীন। নতুন করে সংঘাতের পরিবেশ তৈরি না করে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের আহ্বান জানিয়েছে চীন। বার্তা সংস্থা এএফপি 'র খবরে এ কথা জানানো হয়েছে। এর আগে , ইরানের বন্দরে মার্কিন নৌ অবরোধকে 'দায়িত্বজ্ঞানহীন ও বিপজ্জনক ' বলে আখ্যা দিয়েছিল চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়। ধারণা করা হয় , ইরানের রপ্তানি করা তেলের প্রায় ৯০ শতাংশ কিনে থাকে চীন।(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে বিশ্বাসের লেশমাত্র নেই

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনায় কোনো অগ্রগতি হওয়ার সম্ভাবনা খুবই ক্ষীণ , যদি আদৌ তারা আলোচনায় বসে। আটদিন আগে ইসলামাবাদে আশার যে ক্ষীণ আলোটুকু দেখা গিয়েছিল , সেটা আরও সংকুচিত হয়ে গেছে। এর কারণ ওয়াশিংটনের বিরুদ্ধে যুদ্ধবিরতি লঙ্ঘনের জন্য অভিযুক্ত তুলেছে ইরান। যু ক্তরাষ্ট্র ইরানের সব উপসাগরীয় বন্দরের ওপর অবরোধ আরোপ করে রেখেছে। অবরোধ ভাঙার চেষ্টা করলে মার্কিন বাহিনীর সদস্যরা ইরানি পতাকাবাহী কার্গো জাহাজ এমভি তুসকাকে আটক করেছে। এ ঘটনাকে 'সামুদ্রিক জলদস্যুতা' বলে বর্ণনা করেছে ইরান। চলমান সংঘাতের অবসান ঘটানোর জন্য কো নো ধরনের বোঝাপড়ায় পৌঁছানোর ক্ষেত্রে এই পরিস্থিতি মোটেও অনুকূল নয়। ডোনাল্ড ট্রাম্পের লক্ষ্য হলো - আগে থেকেই বিপর্যস্ত ইরানি অর্থনীতিকে এমনভাবে চেপে ধরা , যাতে তেহরান পারমাণবিক ইস্যু এবং হরমুজ প্রণালি -উভয়ক্ষেত্রেই যুক্তরাষ্ট্রের দাবির কাছে নিয়ে নতি স্বীকা র করে। এটি এখনও কার্যকর হতে পারে, অনেকে এমন কথা ভাবলেও বিশ্লেষকরা বলছেন , ইরান এই ধরনের প্রকাশ্য চাপের মুখে খুব কমই নতি স্বীকার করে। বরং এটি তার অবস্থানকে আরও কঠোর করছে।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## যিশু খ্রিষ্টের মূর্তির ওপর হামলাকারী ইসরায়েলি সেনার নিন্দা করলেন নেতানিয়াহু

দক্ষিণ লেবাননে একজন ইসরায়েলি সৈন্য হাতুড়ি দিয়ে যিশু খ্রিষ্টের মূর্তিতে আঘাত করার যে ঘটনা ঘটিয়েছেন , সেটির নিন্দা করেছেন ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। অনলাইনে ঘটনাটির একটি ছবির ছড়িয়ে পড়ার পর ব্যাপক সমালোচনা শু রু হয়। এরই প্রেক্ষিতে নিন্দা জানালেন নেতানিয়াহু। সামাজিক মাধ্যম এক্সে এক বিবৃতিতে নেতানিয়াহু বলেছেন, ওই ঘটনা সম্পর্কে জানার পর তিনিসহ বেশিরভাগ ইসরায়েলি 'হতবাক ও মর্মাহত ' হয়েছেন। ইসরায়েলের সামরিক কর্তৃপক্ষ বিষয়টি নিয়ে তদন্ত চালাচ্ছে এবং অপরাধীর বিরুদ্ধে 'যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা' নেওয়া

হবে বলে জানান তিনি। ”মধ্যপ্রাচ্যে ইসরায়েলই একমাত্র দেশ, যারা সকলের ধর্ম পালনের স্বাধীনতা দেয়। ওই ঘটনার জন্য এবং এর ফলে যারা কষ্ট পেয়েছেন, তাদের সবার প্রতি দুঃখ প্রকাশ করছি,„ যোগ করেন নেতানিয়াহু। এর আগে, ইসরায়েলে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মাইক হাকাবি ওই সৈন্যের বিরুদ্ধে দ্রুত কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান। (বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## জাপানে সাত দশমিক চার মাত্রার ভূমিকম্প, সুনামি সতর্কতা জারি

জাপানে সাত দশমিক চার মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। এর প্রভাবে ১০ ফুট পর্যন্ত উচ্চতার সুনামি হতে পারে বলে সতর্কতা জারি করেছে দেশটির আবহাওয়া অফিস। কর্মকর্তাদের বরাত দিয়ে এএফপি'র খবরে বলা হয়েছে, সোমবার জাপানের স্থানীয় সময় বিকেল চারটা ৫৩ মিনিটের দিকে জাপানের উত্তরাঞ্চলে ওই ভূমিকম্প হয়। এর তীব্রতা এতটাই বেশি ছিল যে, উৎপত্তিস্থল থেকে কয়েকশ' কিলোমিটার দূরে অবস্থিত টোকিও শহরও কেঁপে ওঠে। ভূমিকম্পের ফলে হওয়া ক্ষয়ক্ষতি সম্পর্কে তাৎক্ষণিকভাবে তথ্য পাওয়া যায়নি। তবে পরিস্থিতি সামাল দিতে একটি সংকটকালীন দুর্যোগ ব্যবস্থাপনা দল গঠন করা হয়েছে বলে জানিয়েছে জাপানের প্রধানমন্ত্রীর কার্যালয়।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## ইসরায়েলের সঙ্গে আলোচনা যুক্তরাষ্ট্র ও ইরানের আলোচনার থেকে'আলাদা' : লেবাননের প্রেসিডেন্ট

ইসরায়েলের সাথে আসন্ন আলোচনা যুক্তরাষ্ট্র ও ইরানের শান্তি আলোচনা অথবা ”অন্য যে-কোনো আলোচনা„ থেকে সম্পূর্ণ আলাদা বলে জানিয়েছেন লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ দেওয়া এক বিবৃতিতে মি. আউন বলেন, এই আলোচনায় লেবাননের প্রতিনিধিত্ব করবেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত সাবেক লেবানিজ রাষ্ট্রদূত সাইমন কারাম। ”লেবাননের অন্য কেউ এই মিশনে অংশ নেবে না বা মি. কারামের স্থলাভিষিক্ত হবেন না„ বলেও স্পষ্ট করেন তিনি। এই আলোচনার তিনটি প্রধান লক্ষ্যের কথা জানান মি. আউন। এগুলোর মধ্যে রয়েছে - সংঘাত বা শত্রুতা বন্ধ করা, ”দক্ষিণ লেবানন থেকে ইসরায়েলি দখলদারিত্বের„ অবসান ঘটানো এবং ”আন্তর্জাতিকভাবে স্বীকৃত দক্ষিণ সীমান্ত পর্যন্ত„ লেবাননের সেনাবাহিনী মোতায়েন করা। লেবাননের প্রেসিডেন্ট মি. আউন আরো জানান, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প লেবাননের এই দাবিগুলোর ব্যাপারে ”সম্পূর্ণভাবে একমত পোষণ করেছেন„ এবং এই আলোচনার পরিবেশ তৈরিতে সহায়তা করেছেন। ”আমি পূর্ণাঙ্গভাবে আশাবাদী এবং বিশ্বাস করি, আমরা লেবাননকে রক্ষা করতে পারব,„ আশা প্রকাশ করে বলেন তিনি। তবে দুই দেশের মধ্যে যুদ্ধবিরতি ঘোষণা হলেও ইসরায়েলি প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু জানিয়েছেন, ইসরায়েলি সেনারা লেবাননের দক্ষিণ সীমান্তের ১০ কিলোমিটারের(৬.২ মাইল) ভেতরে অবস্থান করবে। (বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## মার্কিন প্রতিনিধিদল ˇশিগ্গিরই, রওয়ানা দেবে

ইরান, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যে যুদ্ধ অবসানে আলোচনার বর্তমান অবস্থা এবং মার্কিন প্রতিনিধি দল রওয়ানা দিয়েছে কি না, সে বিষয়ে পরস্পরবিরোধী খবর পাওয়া যাচ্ছে। তবে তারা এখনো রওয়ানা দেয়নি। বিবিসিকে সংশ্লিষ্ট এক সূত্র জানিয়েছে, প্রতিনিধি দলটি ”শিগ্গিরই„ রওয়ানা দেবে বলে আশা করা হচ্ছে। এর বাইরে আর কোনো তথ্য বা পৌঁছানোর সম্ভাব্য সময় জানায়নি ওই সূত্র। সোমবার সকালেই যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিউ ইয়র্ক পোস্টকে বলেছিলেন, ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সসহ প্রতিনিধি দলটি ইতোমধ্যেই পথে রয়েছে। তিনি ফক্স নিউজ-এর মারিয়া বারিতোমোকেও বলেছেন, একটি চুক্তি ”আজ রাতেই স্বাক্ষর হবে।„ তবে, ইসলামাবাদ পর্যন্ত বিশাল দূরত্ব এবং পথে জ্বালানি নেওয়ার জন্য যাত্রাবিরতির প্রয়োজনীয়তা বিবেচনায় নিলে আজ রাতেই চুক্তি হওয়ার বিষয়টি অসম্ভব বলেই মনে হচ্ছে বলে জানিয়েছেন বিবিসির হোয়াইট হাউজ রিপোর্টার ব্রান্ড ডেবুসম্যান জুনিয়র।
(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রুবাইয়া)

## 'দ্বিতীয় দফার আলোচনার সাফল্যের প্রত্যাশায় ইসলামাবাদ'

পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নকভি সোমবার ইসলামাবাদে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত নাটালি বেকার এবং ইরানের রাষ্ট্রদূত রেজা আমিরি মোগাদামের সাথে পৃথক বৈঠক করেছেন। ইসলামাবাদের ডিপ্লোম্যাটিক এনক্লেভে মার্কিন দূতাবাসে নাটালি বেকারের সাথে সাক্ষাৎকালে মহসিন নকভি ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আসন্ন দ্বিতীয় দফার আলোচনার নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে অবহিত করেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে জানানো হয়েছে, মহসিন নকভি বলেছেন, পাকিস্তান তাদের সকল বিশেষ অতিথিদের জন্য বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। মোহসিন নকভি বলেন, ”এই দ্বিতীয় দফার আলোচনার সাফল্যের জন্য প্রার্থনা করছে ইসলামাবাদ।„ বিবৃতিতে আরও বলা হয়েছে, আঞ্চলিক উত্তেজনা নিরসনে পাকিস্তানের আন্তরিক ভূমিকার প্রশংসা করেছেন মার্কিন রাষ্ট্রদূত। অন্যদিকে, ইরানের রাষ্ট্রদূত রেজা আমিরি মোগাদামের সাথে দেখা করে ইসলামাবাদ আলোচনার দ্বিতীয় পর্যায়ের প্রস্তুতি পর্যালোচনা করেছেন পাকিস্তানের

স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নকভী। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই তথ্য জানিয়েছে। ইরান এই আলোচনায় অংশ নেওয়ার বিষয়টি এখনো আনুষ্ঠানিকভাবে নিশ্চিত না করলেও মি . নকভি জানিয়েছেন, সব আয়োজন চূড়ান্ত এবং প্রতিনিধিদলের জন্য "নিশ্ছিদ্র নিরাপত্তার ব্য বস্থা„ করা হয়েছে। বৈঠকে তিনি তার সাম্প্রতিক ইরান সফর সম্পর্কেও রাষ্ট্রদূতকে অবহিত করেন। পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী উল্লেখ করেন , আঞ্চলিক স্থিতিশীলতার জন্য যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনার মাধ্যমে একটি সমঝোতায় পৌঁছানো জরুরি। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী , মোগাদাম উত্তেজনা নিরসনে পাকিস্তানের "ইতিবাচক ও গঠনমূলক ভূমিকার „ প্রশংসা করেছেন। এই বৈঠকে ইসলামাবাদের চিফ কমিশনার , আইজিপি এবং ডেপুটি কমিশনারসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ এলিনা)

## 'উত্তেজনা কমাতে সব ধরনের কূটনৈতিক উপায় ব্যবহার করা উচিত' : ইরানের রাষ্ট্রপতি

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন , "যুদ্ধ কারো জন্যই মঙ্গলজনক নয়। হুমকির মুখে দৃঢ় থাকার পাশাপাশি উত্তেজনা কমাতে প্রতিটি যুক্তিসঙ্গত ও কূটনৈতিক উপায় ব্যবহার করা উচিত। „ সোমবার দেশটির মিনিস্ট্রি অব জাস্টিস বা আইন মন্ত্রণালয় পরিদর্শনের সময় এ কথা বলেন তিনি। মি . পেজেশকিয়ান বলেন, ইরানি জনগণকে "অবশ্যই দেশের বাস্তবতা সম্পর্কে অবহিত রাখতে হবে। „ "ভুল তথ্য বা অবাস্তব প্রতিশ্রুতি সমস্যা সমাধানে তো কোনো কাজে আসেই না, উল্টো জনগণের আস্থা নষ্ট করে„ বলেন মি. পেজেশকিয়ান। তিনি আরো বলেন, "সাফল্য এবং চ্যালেঞ্জ উভয়ই সততার সাথে জনগণের সামনে তুলে ধরা উচিত। „ এর আগে, দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানিয়েছিলেন, পরবর্তী দফার আলোচনায় অংশ নেওয়ার "কোনো পরিকল্পনা„ নেই তেহরানের। (বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রুবাইয়া)

## নৌ-অবরোধ শুরু হওয়ার পর থেকে ২৭টি জাহাজকে বাধা দিয়েছে যুক্তরাষ্ট্র

হরমুজ প্রণালিতে নৌ -অবরোধ শুরুর পর থেকে এখন পর্যন্ত ২৭টি জাহাজকে গতিপথ পরিবর্তন বা ইরানের বন্দরে ফিরে যেতে বাধ্য করেছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স -এ দেওয়া একটি পোস্টে মার্কিন সেন্ট্রাল কমান্ড একটি ভিডিও প্রকাশ করেছে। ভিডিওটিতে দেখা যায় , যুক্তরাষ্ট্রের নৌ-অবরোধের আওতাভুক্ত এলাকায় একটি বড়ো জাহাজ ঢুকে পড়লে সেটিকে ইউএস বাহিনী সতর্ক করছে। চলতি মাসের শুরুর দিকে যুক্তরাষ্ট্রের বাহিনী ঘোষণা করেছিল, তারা ইরানের উপকূল অভিমুখে যাওয়া বা সেখান থেকে আসা জাহাজগুলো আটকে দেবে অথবা ফেরত পাঠিয়ে দেবে। মূলত, তেল রপ্তানি থেকে ইরানের মুনাফা অর্জনের পথ বন্ধ করে দেশটির ওপর চাপ সৃষ্টি করতেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রুবাইয়া)

# এনএইচকে

## ইরানের সাথে আলোচনার উদ্দেশ্যে মার্কিন প্রতিনিধিদল ইসলামাবাদ যাচ্ছে বলে জানিয়েছেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তার প্রতিনিধিদল ইরানের সঙ্গে আলোচনার জন্য পাকিস্তানের ইসলামাবাদে যাচ্ছে। ট্রাম্প রবিবার সামাজিক যোগাযোগ মাধ্যমের এক পোস্টে জানিয়েছেন যে , তার প্রতিনিধিরা "আগামীকাল সন্ধ্যায়„ ইসলামাবাদে থাকবেন। হোয়াইট হাউসের একজন কর্মকর্তা এনএইচকে -কে জানিয়েছেন যে , ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স, বিশেষ দূত স্টিভ উইটকফ এবং ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার এই আলোচনায় অংশ নেবেন। ইসলামাবাদে নিরাপত্তা চৌকি বসানোর কাজ শুরু হয়ে ছে। নিরাপত্তা জোরদার করতে বিপুল সংখ্যক পুলিশ কর্মকর্তা ও নিরাপত্তা বাহিনীও মোতায়েন করা হয়েছে। স্থা নীয় পুলিশ রবিবার ঘোষণা করেছে, "ইসলামাবাদে বিদেশি প্রতিনিধিদলের আগমন উপলক্ষ্যে রেড জোন এবং বর্ধিত রেড জোনে সব ধরনের যান চলাচল সম্পূর্ণ বন্ধ থাকবে। „ ওই এলাকাগুলোতে অনেক স রকারি দপ্তর এবং সেই হোটেলটিও রয়েছে , যেখানে প্রথম দফার আলোচনা অনুষ্ঠিত হয়েছিল। ইসলামাবাদ কর্তৃপক্ষ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থানীয় গণপরিবহ ণ পরিষেবা স্থগিত রাখার ঘোষণাও দিয়েছে। (এনএইচকে ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## দিনাজপুরে আদিবাসীদের মন্দিরে হামলা ও জমি দখলের অভিযোগ

দিনাজপুরের বীরগঞ্জ উপজেলায় স্থানীয় আদিবাসী সম্প্রদায়ের একটি মন্দিরে হামলা, ভাঙচুর এবং জমি দখলের অভিযোগ উঠেছে। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানায়, গতকাল রোববার দুপুরে উপজেলার সনকা খ্রিষ্টানপাড়া গ্রামের একটি মন্দিরে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে। বীরগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম দ্য ডেইলি স্টারকে ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। প্রত্যক্ষদর্শী ও স্থানীয়দের বরাতে ওসি জানান, মুর্মু ও সরেন আদিবাসী সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে ঘোড়াবন্দ গ্রামের আবদুল কাদেরের ছেলে রেজাউল ইসলামের ৯৩ শতাংশ খাস জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। আদিবাসী পরিবারগুলোর দাবি, তারা কয়েক প্রজন্ম ধরে ওই

জমিতে বসবাস করছে। সেখানে একটি মন্দির ও একটি কবরস্থানও রয়েছে। কিন্তু রেজাউল ওই জমির মালিকানা দাবি করে আসছেন। ওসি সাইফুল ইসলাম বলেন, দুপুর ১টার দিকে রেজাউল ও তার চাচা আজাদের নেতৃত্বে ১৫০-২০০ জন ওই জমি দখলের উদ্দেশ্যে মন্দির ও কবরস্থানে হামলা চালায়। তারা লাঠিসোঁটা, রড ও ধারালো অস্ত্র নিয়ে মন্দিরের বাইরে ও ভেতরে প্রতিমা ভাঙচুর করে এবং কবরস্থানের ১০-১২টি গাছ কেটে ফেলে। এ সময় একটি ঘরও ভাঙচুর করা হয়। তিনি আরো বলেন, আদিবাসী সম্প্রদায়ের সদস্যরা বাধা দিলে তাদের মারধর করা হয় । এতে বেশ কয়েকজন আহত হন। ওসি সাইফুল ইসলাম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে হামলাকারীদের ছত্রভঙ্গ করে পুলিশ। পরিস্থিতি নিয়ন্ত্রণে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। ওসি আরও জানান, ভাঙচুর হওয়া প্রতিমা ও অন্যান্য আলামত জব্দ করা হয়েছে। আহতদের মধ্যে পিউস মুর্মু (৪৫) ও বিশ্বনাথকে (২৭) বীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। পিউস মুর্মু দ্য ডেইলি স্টারকে জানান, তারা কয়েক প্রজন্ম ধরে ওই জমিতে বসবাস করছেন। কিন্তু হামলাকারীরা অবৈধভাবে জমি দখলের চেষ্টা করতে এ হামলা চালায়। গ্রামের আদিবাসী সম্প্রদায়ের নেতা অ্যান্থনি মুর্মু ডেইলি স্টারকে জানান, তারা এক শতাব্দীর বেশি সময় ধরে ওই জমি ব্যবহার করছেন। সনকা খ্রিষ্টানপাড়া গ্রামে ৫০-৬০টি পরিবার বসবাস করে। এছাড়া, আশপাশের ২০০টির বেশি ভূমিহীন আদিবাসী পরিবার এই কবরস্থান ব্যবহার করে। তিনি আরো জানান, গ্রামে হিন্দু ও খ্রিষ্টান উভয় ধর্মের আদিবাসী বসবাস করেন। ঘটনার বিষয়ে মামলার প্রস্তুতি চলছে বলেও জানান তিনি। এ বিষয়ে জানতে চাইলে অভিযুক্ত রেজাউল ইসলাম ডেইলি স্টারকে বলেন, "আমি মনসুর আলীর কাছ থেকে ১৯৯৯ সালে ৪১ শতাংশ ও ২০২৩ সালে আরও ৪৮ শতাংশ জমি কিনেছি। বাকি ৪ শতাংশ কবরস্থানের অন্তর্ভুক্ত।„ তবে আদিবাসীদের ওপর হামলার অভিযোগ অস্বীকার করেন তিনি। বীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল কর্মকর্তা ডা. ফারিহা তাসনিম ডেইলি স্টারকে বলেন, বিশ্বনাথ সরেনের বুকে তীরের আঘাত রয়েছে। ঘটনাস্থল পরিদর্শনের পর বীরগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সুমা খাতুন ডেইলি স্টারকে বলেন, প্রশাসন বিষয়টি সম্পর্কে অবগত। প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বীরগঞ্জ উপজেলার সহকারী কমিশনার (ভূমি) দীপঙ্কর বর্মন ডেইলি স্টারকে বলেন, বিরোধপূর্ণ জমিটি সরকারি খাস জমি। (ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রনি)

## ইরানের শান্তি আলোচনা বর্জন, ঝুঁকিতে যুদ্ধবিরতি

অর্থনৈতিক অবরোধ ভাঙার চেষ্টার কথিত অভিযোগে, যুক্তরাষ্ট্র ইরানের একটি পণ্যবাহী জাহাজ আটক করার পর, প্রতিশোধ নেওয়ার অঙ্গীকার করে আপাতত নতুন শান্তি আলোচনায় যোগ দিতে অস্বীকৃতি জানিয়েছে তেহরান। ফলে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে ঘোষিত যুদ্ধবিরতির ভবিষ্যৎ নিয়ে দেখা দিয়েছে অনিশ্চয়তা। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেছেন, ওয়াশিংটন দেখিয়ে দিয়েছে যে, কূটনৈতিক প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে তারা `আন্তরিক নয়,। সুস্পষ্টভাবে ঘোষণা করা দাবিগুলো তেহরান বদলাবে না- এ কথা উল্লেখ করে তিনি আরো জানান, জাতীয় স্বার্থ রক্ষার ক্ষেত্রে কোনো সময়সীমা বা চরমপত্রে বিশ্বাস করেন না তারা। বাঘাই বলেন, "এখন পর্যন্ত আমাদের পরবর্তী দফা আলোচনার কোনো পরিকল্পনা নেই। এ বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।„ দুই সপ্তাহের যুদ্ধবিরতি শেষ হওয়ার আগে যুক্তরাষ্ট্র পাকিস্তানে যে শান্তি আলোচনা শুরুর উদ্যোগ নিয়েছে, সে বিষয়ে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, যুক্তরাষ্ট্র "কিছু অযৌক্তিক এবং অবাস্তব অবস্থানের ওপর জোর দিচ্ছে।„ ঘোষিত যুদ্ধবিরতি কার্যকর না হওয়ার জন্য যুক্তরাষ্ট্রকে দায়ী মনে করে ইরান। বাঘাই বলেন, "আমরা এখনও যুদ্ধাবস্থায় আছি। এটা সত্যি যে, একটি যুদ্ধবিরতি ঘোষণা করা হয়েছে, কিন্তু দুর্ভাগ্যবশত শুরু থেকেই যুক্তরাষ্ট্র বারবার তা লঙ্ঘন করেছে।„(ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রনি)

## বোমাসহ এক জার্মান নারীকে আটকের দাবি রাশিয়ার

পিঠের ব্যাগে বোমা পাওয়া যাওয়ায় ৫৭ বছর বয়সি এক জার্মান নারীকে আটকের কথা জানিয়েছে রাশিয়ার ফেডারেল সিকিউরিটি সার্ভিস (এফএসবি)। আজ সোমবার সংস্থাটি দাবি করে, আটক নারী ইউক্রেনের গোয়েন্দা সংস্থার হয়ে কাজ করছিলেন। বার্তা সংস্থা রয়টার্স সত্যতা যাচাই করতে পারেনি- এমন এক ভিডিওর উল্লেখ করে জানায়, ভিডিওতে ওই নারীকে একটি গাড়ি পার্কিংয়ের টারম্যাকে শুয়ে থাকতে দেখা গেছে। কয়েকজন সশস্ত্র ব্যক্তি তার ও তার পাশে থাকা একটি ব্যাগের দিকে অস্ত্র তাক করে ছিলেন। পরে রাশিয়ার কেন্দ্রীয় নিরাপত্তা সংস্থা এফএসবি জানায়, জার্মান ওই নারী দেড় কেজি টিএনটির সমান ক্ষমতাসম্পন্ন একটি বোমা বহন করছিলেন। এফএসবি মনে করে, ইউক্রেনের গোয়েন্দা সংস্থার পরিকল্পনা অনুযায়ী বোমাটি স্তাভরোপোল অঞ্চলে আইন প্রয়োগকারী সংস্থার একটি স্থাপনায় হামলা চালানোর কাজে ব্যবহার করা হতো। এ ঘটনায় মধ্য এশিয়ার একটি দেশের এক নাগরিককেও আটক করার কথা জানিয়েছে এফএসবি। (ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রনি)

### যুক্তরাষ্ট্রে এক ব্যক্তির গুলিতে সাত সন্তানসহ আটজন শিশু নিহত

লুইজিয়ানার শ্রেভপোর্টের একটি পাড়ায় এক ব্যক্তি তার নিজের সাত সন্তানসহ আটজন শিশুকে হত্যা করেছে। এ ঘটনায় দুই নারী আহত হওয়ার কথাও জানিয়েছে কর্তৃপক্ষ। রোববার শ্রেভপোর্টের মেয়র টম আর্সেনো বলেন, ”এ এক মর্মান্তিক পরিস্থিতি- সম্ভবত এটা আমাদের দেখা সবচেয়ে ভয়াবহ মর্মান্তিক ঘটনা।„ রোববার এই সহিংসতা শুরু হয় সূর্যোদয়ের আগেই। পুলিশ জানিয়েছে, শহরের কেন্দ্রস্থলের দক্ষিণ দিকের পাড়ার বাড়িটিতে ওই ব্যক্তি প্রথমে এক নারীকে গুলি করে। তারপর গাড়ি চালিয়ে চলে যায় আরেকটি বাড়িতে। পুলিশের মুখপাত্র ক্রিস বোর্ডেলন বলেন, দ্বিতীয় বাড়িটির ভেতরে সাতজন শিশু নিহত হয়েছে। ছাদে আরেক শিশুর মৃতদেহ পাওয়া যায়। এছাড়া, প্রাণ বাঁচাতে ছাদ থেকে লাফিয়ে পড়া এক শিশু এখন হাসপাতালে চিকিৎসাধীন। জানা গেছে, তার অবস্থা এখন ভালো। নিহত শিশুদের বয়স ৩ থেকে ১১ বছরের মধ্যে। তাদের মধ্যে তিনজন ছেলে এবং বাকি পাঁচজন মেয়ে। গুলিবিদ্ধ নারীদের একজনের চাচাতো বোন ক্রিস্টাল ব্রাউন বলেন, সব শিশুই ছিল ”হাসিখুশি, বন্ধুত্বপূর্ণ এবং মিষ্টি।„ শিশু ও নারীদের ওপর হামলা চালানো ব্যক্তিকে ধাওয়া করেছিল পুলিশ। পরে সেই ব্যক্তিও মারা যায়।
(ডয়েচে ভেলে ওয়েব পেজ: ২০.০৪.২০২৬ রনি)

## জাগো নিউজ

### এসএসসি পরীক্ষা শুরু আজ, পরীক্ষার্থী সাড়ে ১৮ লাখের বেশি

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হচ্ছে আজ। সকাল ১০টা থেকে সারাদেশে একযোগে পরীক্ষা শুরু হবে, যা চলবে দুপুর ১টা পর্যন্ত। এবার পরীক্ষায় অংশ নিচ্ছে সাড়ে ১৮ লাখেরও বেশি পরীক্ষার্থী। প্রকাশিত সময়সূচি অনুযায়ী- ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে প্রথমদিনে বাংলা প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর মাদ রাসা বোর্ডের অধীনে দাখিলে প্রথম দিনে কোরআন মাজিদ ও তাজভিদ পরীক্ষা নেওয়া হবে। এছাড়া কারিগরি বোর্ডে র অধীনে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার প্রথমদিনে বাংলা-২ বিষয়ের পরীক্ষা হবে। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির তথ্যমতে, এবার ১১টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি ও সমমান পরীক্ষায় অংশ নিতে ফরম পূরণ করেছে ১৮ লাখ ৫৭ হাজার ৩৪৪ জন। তার মধ্যে সাধারণ ৯টি বোর্ডে ১৪ লাখ ১৮ হাজার ৩৯৮ জন। আর মাদরাসা শিক্ষা বোর্ডে তিন লাখ চার হাজার ২৮৬ জন ও কারিগরি বোর্ডে পরীক্ষার্থী এক লাখ ৩৪ হাজার ৬৬০ জন।এবার নিয়মিত পরীক্ষার্থী ১৪ লাখ ৪৮ হাজার ৫১১ জন। আর অনিয়মিত পরীক্ষার্থী চার লাখের বেশি। তাদের মধ্যে এক বিষয়ে উত্তীর্ণ হতে পরীক্ষা দিচ্ছে ২ লাখ ৬১ হাজারের বেশি পরীক্ষার্থী। বাকিরা দুই, তিন, চার বা সব বিষয়ে পরীক্ষা দিচ্ছে। সারাদেশের তিন হাজার ৮৮৫টি কেন্দ্রে এসএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশ নিচ্ছে দেশের ৩০ হাজার ৬৬৬টি স্কুল-মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৪.২০২৬ রিহাব)

### বগুড়া-সিরাজগঞ্জ রেলপথের কাজ দ্রুত শুরু হবে: প্রধানমন্ত্রী

বগুড়ার স্থানীয় উন্নয়ন নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , বগুড়াবাসীর দীর্ঘদিনের দাবি বগুড়া -সিরাজগঞ্জ রেলপথের কাজ দ্রুত শুরু করা হবে। এ ছাড়া , স্থানীয় কৃষিপণ্য বিদেশে রপ্তানির জন্য বগুড়া বিমানবন্দরকে কার্গো বিমান ওঠানামার উপযোগী করে গড়ে তোলার প্রতিশ্রুতি দেন তিনি। সেই সাথে নবঘোষিত সিটি করপোরেশনকে একটি পরিকল্পিত ও নান্দনিক শহর হিসেবে গড়ে তোলার আশ্বাস দেন। সোমবার (২০ এপ্রিল) বিকেলে বগুড়ার ঐতিহাসিক আলতাফুন্নেছা খেলার মাঠে আয়োজিত এক জনসভায় তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

### আমাদের লক্ষ্য দেশের মানুষের উন্নয়ন: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বলেছেন , ৫ আগস্ট দেশ স্বৈরাচারমুক্ত হওয়ার পর অন্তর্বর্তীকালীন সরকার সংস্কার কমিশন গঠন করেছে। জনগণের পক্ষ থেকে আমরা আমাদের স্বচ্ছ প্রস্তাবনা সেখানে জমা দিয়েছি। আমরা সব সময় বলি, আমরা যা করবো স্বচ্ছভাবে করবো, কোনো লুকোচুরি নেই। গণতন্ত্রে মতের পার্থক্য থাকবেই, কিন্তু আমাদের লক্ষ্য দেশের মানুষের উন্নয়ন। সোমবার (২০ এপ্রিল) বিকেলে বগুড়ার ঐতিহাসিক আলতাফুন্নেছা খেলার মাঠে আয়োজিত এক জনসভায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো নিজ জেলা সফরে আসা তারেক রহমান বিকেল পৌনে ৬টায় স্ত্রী ডা. জুবাইদা রহমানকে সঙ্গে নিয়ে জনসভা মঞ্চে উপস্থিত হন। এই সফরেই তি নি বগুড়াকে দেশের ১৩তম সিটি করপোরেশন হিসেবে আনুষ্ঠানিক উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী বলেন, যখন স্বৈরাচারের ভয়ে অন্য কোনো রাজনৈতিক দল ‍‍`সংস্কার,-এর `স, শব্দটিও উচ্চারণ করার সাহস পায়নি , তখন বাংলাদেশ জাতীয়তাবাদী দল ৩১ দফা সংস্কার কর্মসূচি দিয়েছিল। কারণ আমরা দেখেছিলাম, কীভাবে গত ১৬ বছরে দেশের স্বাস্থ্য, শিক্ষা, ব্যাংকিং ও যোগাযোগ ব্যবস্থা ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে যাওয়া

হয়েছিল। মেগা প্রজেক্টের নামে কেবল লুটপাট আর দুর্নীতি করা হয়েছে। দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে সরকারের গৃহীত পদক্ষেপের কথা তুলে ধরে তিনি বলেন , বিএনপি আপনাদের যে প্রতিশ্রুতি দিয়েছিল , আমরা পর্যায়ক্রমিকভাবে তার প্রত্যেকটি কাজ শুরু করেছি। ফ্যামিলি কার্ড , কৃষক কার্ড এবং ইমাম -মুয়াজ্জিনদের সম্মানীর ব্যবস্থা করা হচ্ছে। এসব কাজ বাস্তবায়ন হলে দেশের খেটে খাওয়া মানুষ সরাসরি উপকৃত হবে। অর্থনীতি ও কর্মসংস্থান নি য়ে তারেক রহমান আরও বলেন , স্বল্প খরচে দেশের তরুণ সমাজের জন্য বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করতে আমরা বিভিন্ন দেশের সঙ্গে যোগাযোগ শুরু করেছি। ইনশাল্লাহ , শিগ্গির আপনারা সুখবর পাবেন। এছাড়াও শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বিখ্যাত খাল খনন কর্মসূচি , আমরা আবার দে শব্যাপী শুরু করবো। আগামী পাঁচ বছরে ২০ হাজার কিলোমিটার খাল খনন করার পরিকল্পনা আমাদের রয়েছে , যাতে কৃষকের ফসল রক্ষা পায় ও খরা মৌসুমে পানির অভাব না হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## পরীক্ষার আগে বিদ্যুৎ সংকটে দিশাহারা এসএসসি পরীক্ষার্থীরা

আগামীকাল মঙ্গলবার থেকে সারা দেশে শুরু হচ্ছে ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা। এবারও পরীক্ষায় অংশ নিচ্ছে লাখো শিক্ষার্থী। তবে পরীক্ষার আগেই ঘন ঘন লোডশেডিংয়ে চরম ভোগান্তিতে পড়েছে পরীক্ষার্থী ও তাদের অভিভাবকেরা। দেশে চলমান জ্বালানি সংকটের মধ্যে বৈশাখের তীব্র গরমে বাড়তি ভোগান্তিতে পড়েছে এসএসসি পরীক্ষার্থীরা। দেশের বিভিন্ন এলাকায় দিনের পাশাপাশি রাতেও বিদ্যুৎ বিভ্রাট অব্যাহত থাকায় পড়াশোনার স্বাভাবিক পরিবেশ ব্যাহত হচ্ছে বলে অভিযোগ উঠেছে। কিন্তু ঘন ঘন লোডশেডিংয়ের কারণে শেষ মুহূর্তের প্রস্তুতি নিতে গিয়ে চরম দুর্ভোগে পড়েছে শিক্ষার্থীরা। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## সিটি করপোরেশন হলো বগুড়া

দীর্ঘদিনের দাবি ও প্রতীক্ষার পর অবশেষে সিটি করপোরেশন হলো বগুড়া। সোমবার (২০ এপ্রিল) প্রধানমন্ত্রী তারেক রহমান আনুষ্ঠানিকভাবে বগুড়া সিটি করপোরেশন উদ্বোধন ঘোষণা করেন। এর মধ্যদিয়ে দেশের সিটি করপোরেশনের তালিকায় নতুন করে যুক্ত হলো উত্তরাঞ্চলের গুরুত্বপূর্ণ এই শহর। সরকারি সফরসূচি অনুযায়ী , প্রধানমন্ত্রী সকালে বগুড়ায় পৌঁছে জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে কয়েকটি কর্মসূচিতে অংশ নেন। সেখানে ই-বেইল বন্ড, কার্যক্রম উদ্বোধনের পর বেলা সাড়ে ১১টার দিকে বগুড়াকে সিটি করপোরেশন হিসেবে আনুষ্ঠানিক ঘোষণা দেন। এসময় স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ ও আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন। ঘোষণার খবর ছড়িয়ে পড়তেই শহর জুড়ে আনন্দের আবহ তৈরি হয়। বিভিন্ন এলাকায় মিষ্টি বিতরণ , শুভেচ্ছা বিনিময় ও সামাজিক যোগাযোগমাধ্যমে উচ্ছ্বাস প্রকাশ করতে দেখা যায় অনেককে। দীর্ঘদিন ধরে বগুড়াকে সিটি করপোরেশনে উন্নীত করার দাবি জানিয়ে আসা নাগরিক সমাজ , ব্যবসায়ী সংগঠন ও বিভিন্ন পেশাজীবী মহল এ ঘোষণাকে ঐতিহাসিক সিদ্ধান্ত হিসেবে দেখছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## সৌদিতে অবস্থানরত ২২ হাজার রোহিঙ্গা পেল বাংলাদেশি পাসপোর্ট

সৌদি আরবে অবস্থানরত ২২ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে কোনো ধরনের দুর্নীতি বা অনিয়ম সহ্য করা হবে না। সোমবার (২০ এপ্রিল) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তিনি এ কথা জানান। এদিন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আবদুল্লাহ জাফর বিন আবিয়াহ স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠককালে তারা দুই দেশের আইন-শৃঙ্খলা ও নিরা পত্তা ইস্যু, সৌদি আরবে বসবাসরত ৬৯ হাজার রোহিঙ্গার (মিয়ানমারের নাগরিক) বাংলাদেশি পাসপোর্ট প্রদান, পর্যটন ও জ্বালানি খাতে সৌদি বিনিয়োগ বৃদ্ধি এবং পারস্পরিক স্বার্থ -সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বৈঠকের শুরুতে স্বরাষ্ট্রমন্ত্রী সৌদি রাষ্ট্রদূ তকে স্বাগত জানান। রাষ্ট্রদূত নতুন পোর্টফোলিওতে দায়িত্ব গ্রহণের জন্য মন্ত্রীকে অভিনন্দন জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন , সৌদি আরব বাংলাদেশের অন্যতম ঘনিষ্ঠ সহযোগী ও ভ্রাতৃপ্রতিম দেশ। দেশটির সঙ্গে বাংলাদেশের সহযোগিতার অনেক ক্ষেত্র রয়েছে। জনশক্তি রপ্তানি ছাড়াও, বাংলাদেশের জ্বালানি ও পর্যটন খাতে সৌদি আরবের বিনিয়োগের যথেষ্ট সুযোগ রয়েছে। তিনি এসব খাতে বিনিয়োগসহ দুইদেশের সহযোগিতার নতুন নতুন ক্ষেত্র উন্মোচনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। সৌদি আরবে অবস্থানরত ৬৯ হাজার রোহিঙ্গার বাংলাদেশি পাসপোর্ট ইস্যুর প্রসঙ্গ তুলে রা ষ্ট্রদূত এ প্রক্রিয়াকে আরও ত্বরান্বিত করার ওপর গুরুত্বারোপ করেন। জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী জানান , প্রয়োজনীয় ডকুমেন্টস বা প্রমাণ সাপেক্ষে এরই মধ্যে ২২ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট দেওয়া হয়েছে। এ প্রক্রিয়া ত্বরান্বিত করতে বাংলাদেশ থেকে বিশেষ টিম পাঠানো হয়েছে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী কঠোর হুঁশিয়ারি দেন যে, পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে কোনো ধরনের দুর্নীতি বা অনিয়ম সহ্য করা হবে না। মন্ত্রী আরও বলেন , যে-সব মিয়ানমারের নাগরিকের বাংলাদেশি ডকুমেন্টস রয়েছে বা যারা প্রয়োজনীয় শর্ত পূরণ করেছে, তাদের দ্রুত পাসপোর্ট দিতে হবে। এক্ষেত্রে সৌদি আরব থেকে পূর্ণাঙ্গ তালিকা নিয়ে পুনরায় যাচাই -বাছাই

করার জন্যও তিনি সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। সাক্ষাৎকালে রাষ্ট্রদূত দ্বিপাক্ষিক সম্পর্ক আরও সুদৃঢ় করতে স্বরাষ্ট্রমন্ত্রীর নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদলকে সৌদি আরব সফরের আমন্ত্র ণ জানান। মন্ত্রী আমন্ত্রণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আগামী জুলাই মাসের প্রথমার্ধে তিনি সৌদি আরব সফর করতে পারেন বলে রাষ্ট্রদূতকে অবহিত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ বাতিলের বৈধতা চ্যালেঞ্জ করে রিট

অন্তর্বর্তী সরকারের জারি করা সুপ্রিম কোর্টের স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠার অধ্যাদেশ বাতিলের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। রিটে সুপ্রিম কোর্টের স্বতন্ত্র সচিবালয় বহাল রাখার আর্জি জানানো হয়েছে। সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট সাদ্দাম হোসেনসহ ৭ আইনজীবী জনস্বার্থে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় সোমবার (২০ এপ্রিল) এ রিট দায়ের করেন। রিটে মন্ত্রিপরিষদ সচিব , সংসদ সচিবালয়ের সচিব, আইন সচিবসহ সংশ্লিষ্টদের বিবাদী করা হয়েছে। এ সংক্রান্ত বিষয়ে হাইকোর্টের বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চে শুনানি হতে পারে। জ্যেষ্ঠ আইনজীবী অ্যাডভোকেট মোহাম্মদ শিশির রিটের পক্ষে শুনানি করবেন। এর আগে, গত ৯ এপ্রিল বিরোধী দলের আপত্তি সত্ত্বেও 'সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ-২০২৬, রহিতকরণ বিল পাস হয়েছে। একইসঙ্গে বিচার বিভাগ ও মানবাধিকার কমিশন সংশ্লিষ্ট আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বিলও পাস করা হয়েছে। গত ৯ এপ্রিল জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে চলমান অধিবেশনে এ বিল পাস হয়। এর আগে , গত ৬ এপ্রিল সুপ্রিম কোর্টের স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠা এবং বিচারক নিয়োগসংক্রান্ত অন্তর্বর্তী সরকারের জারি করা অ ধ্যাদেশ বাতিলের লক্ষ্যে সংসদে বিল উত্থাপন করা হয়। ৬ এপ্রিল সুপ্রিম কোর্টের স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠা এবং বিচারক নিয়োগের জন্য অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা অধ্যাদেশ বাতিল করতে জাতীয় সংসদে বিল তোলা হয়। এ ছাড়া , জাতীয় মানবাধিকার কমিশনকে শক্তিশালী করতে অন্ত বর্তী সরকারের করা অধ্যাদেশ বাতিল করে ২০০৯ সালের আইন পুনঃপ্রচলন করতে আরেকটি বিল আনা হয়। ওইদিন আইনমন্ত্রী আসাদুজ্জামান জাতীয় সংসদে পৃথকভাবে ওই তিনটি বিল উত্থাপন করেন। বিল তিনটি নিয়ে সংসদে আলোচনা হয়। বিলগুলো হলো- সুপ্রিম কোর্ট সচিবালয় (রহিতকরণ) বিল, সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ (রহিতকরণ) বিল; জাতীয় মানবাধিকার কমিশন (রহিতকরণ ও পুনঃপ্রচলন ) বিল। এ অধ্যাদেশগুলো বাতিলের সিদ্ধান্ত নিয়ে জাতীয় সংসদের বিশেষ কমিটিতে বিরোধীদলের আপত্তি ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## দেশের তিন অঞ্চলে ৮০ কিমি বেগে ঝড়ের শঙ্কা, রংপুরে হতে পারে বজ্রপাত

দেশের তিন অঞ্চলে ঘণ্টায় ৬১ থেকে ৮০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়াসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এসব অঞ্চলের নদীবন্দরগুলোকে ২ নম্বর নৌ হুঁশিয়ারি সংকেত দেখাতে বলা হয়েছে। সোমবার (২০ এপ্রিল) সকাল ৫টা থেকে দুপুর ১টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরগুলোর জন্য দেওয়া আবহাওয়ার সতর্কবার্তায় এসব তথ্য জানানো হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের উপ -পরিচালকের পক্ষে আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে , রংপুর, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলের ওপর দিয়ে পশ্চিম বা উত্তর -পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৬১ থেকে ৮০ কিলোমিটার বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরগুলোকে ২ নম্বর নৌ হুঁশিয়ারি সংকেত দেখাতে বলা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## বাসভাড়া বাড়ানোর প্রস্তাব বিআরটিএ-এর, আজকালের মধ্যে ঘোষণা মন্ত্রণালয়ের

পরিবহণ মালিকদের দাবির পরিপ্রেক্ষিতে বাস ও মিনিবাসের ভাড়া ঠিক কতটুকু বাড়ানো যায় , সেই প্রস্তাব দিয়ে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য সড়ক পরিবহণ মন্ত্রণালয়ের দ্বারস্থ হয়েছে বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ)। এ বিষয়ে আজ সোমবার (২০ এপ্রিল) সিদ্ধান্ত চূড়ান্ত করে সন্ধ্যায় বা আগামীকাল মঙ্গলবার (২১ এপ্রিল) তা প্রকাশ করবে মন্ত্রণালয়। বর্তমানে দেশে দূরপাল্লার পথের জন্য সরকার নির্ধারিত বাসভাড়া প্রতি কিলোমিটারে ২ টাকা ১২ পয়সা। ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে এর পরিমাণ ২ টাকা ৪২ পয়সা। বিআরটিএ সূত্র জানায়, জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির পর বাস ও মিনিবাসের ভাড়া পুনর্নির্ধারণের দাবি জানিয়েছে বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতি ও ঢাকা সড়ক পরিবহণ মালিক সমিতি। এ দাবি আদায়ে রোববার (১৯ এপ্রিল) রাতে বিআরটিএ-এর সঙ্গে বৈঠক করেছেন পরিবহণ মালিকরা। রোববার রাত ৮টার দিকে রাজধানীর বনানীতে বিআরটিএ কার্যালয়ে বাসের ভাড়া পুনর্নির্ধারণ নিয়ে বৈঠক শুরু হয়। রাত ১০টার দিকে এটি শেষ হয়। এতে বিআরটিএ -এর কর্মকর্তা এবং পরিবহণ মালিক -শ্রমিক সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে হাম-রুবেলার টিকাদান শুরু, লক্ষ্য ৩ লাখের বেশি শিশু

চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক) এলাকায় ৩ লাখেরও বেশি শিশুকে হাম ও রুবেলার টিকার আওতায় আনতে মাসব্যাপী ক্যাম্পেইন শুরু হয়েছে। আগামী ২০ মে পর্যন্ত এ কর্মসূচি চলবে। সোমবার (২০ এপ্রিল) নগরের মেমন-২ চসিক জেনারেল হাসপাতালে এ ক্যাম্পেইনের উদ্‌বোধন করা হয়। প্রধান অতিথি হিসেবে ক্যাম্পেইন উদ্‌বোধন করেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মোহাম্মদ আশরাফুল আমিন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইমাম হোসেন রানা, ডা. হোসনে আরা, ডা. তপন কুমার, ডা. খাদিজা আহমেদ ও ডা. আব্দুল মজিদ শিকদারসহ অন্য কর্মকর্তারা। চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, নগরের ৪১টি ওয়ার্ডে ৬ মাস থেকে ৫৯ মাস বয়সি সব শিশুকে এক ডোজ করে হাম-রুবেলা টিকা দেওয়া হবে। প্রতিদিন (শুক্রবার ও সরকারি ছুটির দিন ছাড়া) সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত টিকাদান কার্যক্রম চলবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## কাজের মান নিয়ে প্রশ্ন তোলায় প্রকৌশলীকে মারধর, চট্টগ্রামে গ্রেফতার ১

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে সড়কের কাজের মান নিয়ে প্রশ্ন তোলায় উপ-সহকারী প্রকৌশলীকে মারধরের ঘটনায় চট্টগ্রামে একজনকে গ্রেফতার করেছে র্যাব। রোববার (১৯ এপ্রিল) রাতে চট্টগ্রাম নগরের কাজীর দেউড়ি এলাকায় অভিযান চালিয়ে র্যাব-৭ ও র্যাব-৯ এর যৌথ দল তাকে গ্রেফতার করে। গ্রেফতার ব্যক্তি মো. বিল্লাল হোসেন (৫৫) এ মামলার এজাহারভুক্ত দ্বিতীয় আসামি। র্যাব জানায়, গত ১৩ এপ্রিল দুপুরে ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার মেরকুটা জিসি থেকে শিবপুর আঞ্চলিক সড়কের নির্মাণকাজ পরিদর্শনে যান উপ-সহকারী প্রকৌশলী মির্জা মো. তারিকুল ইসলাম ও তার কয়েকজন সহকর্মী। পরিদর্শনের সময় সড়কের কাজ নিম্নমানের মনে হওয়ায় সংশ্লিষ্ট ঠিকাদারের কাছে এ বিষয়ে জানতে চান তারা। অভিযোগ রয়েছে, এসময় ঠিকাদার মো. লোকমান হোসেন ও তার সহযোগীরা সরকারি কর্মকর্তাদের ওপর চড়াও হন। লাঠি ও ইট দিয়ে হামলা চালিয়ে উপ-সহকারী প্রকৌশলী ও তার সহকর্মীদের আহত করা হয়। ঘটনার একটি ভিডিও পরে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং তা নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়। এ ঘটনায় উপ-সহকারী প্রকৌশলী মির্জা মো. তারিকুল ইসলাম বাদী হয়ে নবীনগর থানায় মামলা করেন। মামলায় সরকারি কাজে বাধা ও হামলার অভিযোগ আনা হয়। র্যাব-৭ এর সহকারী পুলিশ সুপার ও সহকারী পরিচালক (মিডিয়া) এ আর এম মোজাফফর হোসেন জানান, ঘটনার পর থেকে বিল্লাল হোসেন আত্মগোপনে ছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, তিনি চট্টগ্রামে অবস্থান করছেন। পরে নগরের কোতোয়ালি থানার কাজীর দেউড়ি এলাকার নুর আহমদ সড়কে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার বিল্লাল হোসেনকে পরবর্তী আইনগত ব্যবস্থা নিতে চান্দগাঁও থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। মামলার অন্য আসামিদের গ্রেফতারে অভিযান অব্যাহত বলে জানিয়েছেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## কাফরুলে গুলি করে ব্যবসায়ীর কাছে কোটি টাকা চাঁদা দাবি, গ্রেফতার ৪

রাজধানীর কাফরুলে এক গার্মেন্টস ব্যবসায়ীর কাছে কোটি টাকা চাঁদা দাবি করে গুলির ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে র্যাব। গতকাল রোববার রাতে ঢাকার মিরপুর এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে র্যাব-৪-এর একটি অভিযানিক দল। গ্রেফতার হওয়া ব্যক্তিরা হলেন- রানা (৩১), মো. সাগর শেখ, (২৮), মো. কালু, (২৮) ও শশী (২২)। র্যাব জানায়, গত শনিবার সন্ধ্যায় কাফরুলে এ কে এম অ্যাপারেলস গার্মেন্টস কারখানায় ১২-১৩ জন মিলে প্রবেশ করে প্রতিষ্ঠানের মালিক কামরুলের কাছে এক কোটি টাকা চাঁদা দাবি করে। এ সময় টাকা দিতে অস্বীকৃতি জানালে দুইজন পিস্তল বের করে ২ রাউন্ড ফাঁকা গুলি করে। পরে তার অফিসের লকার ভাঙচুর করে এবং তিনদিনের মধ্যে চাঁদা না দিলে মেরে ফেলার হুমকি দেয়। তারা চলে যাওয়ার সময় সিসি ক্যামেরার ডিভিআর ও হার্ডডিস্ক খুলে নিয়ে চলে যায়। এ ঘটনায় কাফরুল থানায় একটি মামলা করেন কামরুল। এর পরিপ্রেক্ষিতে অভিযানে নেমে চারজনকে গ্রেফতার করে র্যাব-৪। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## সাবেক এমপিদের মধ্যে বিএনপির মনোনয়ন পেলেন ৯ জন

সংরক্ষিত নারী আসনে বিএনপির চূড়ান্ত মনোনয়ন তালিকা ঘোষণা করা হয়েছে। সোমবার (২০ এপ্রিল) দুপুরে রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তালিকা প্রকাশ করেন দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। ঘোষিত চূড়ান্ত তালিকায় মোট ৩৬ জন নারী নেত্রী স্থান পেয়েছেন। এর মধ্যে সাবেক সংসদ সদস্য (এমপি) হিসেবে পরিচিত ৯ জন গুরুত্বপূর্ণ রাজনৈতিক ব্যক্তিত্বও রয়েছেন, যাদের অভিজ্ঞতা ও সাংগঠনিক ভূমিকা বিবেচনায় এই মনোনয়ন দেওয়া হয়েছে। সাবেক সংসদ সদস্যদের মধ্যে তালিকায় যারা জায়গা পেলেন- (১) সেলিমা রহমান, (২) শিরিন সুলতানা, (৩) রাশেদা বেগম হীরা, (৪) রেহেনা আক্তার রানু, (৫) নেওয়াজ

হালিমা আরলি, (৬) বিলকিস ইসলাম, (৭) হেলেন জেরিন খান, (৮) নিলুফার চৌধুরী মনি, (৯) সুলতানা আহমেদ। দলের নীতি-নির্ধারকদের মতে, এই তালিকায় অভিজ্ঞ ও মাঠপর্যায়ের রাজনীতিতে সক্রিয় নারীদের অগ্রাধিকার দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## জেলেদের চাল কম দেওয়ার অভিযোগ, তদন্ত কমিটি গঠন

দ্বীপজেলা ভোলার দৌলতখান উপজেলায় মেঘনা নদীতে দুই মাস মাছ ধরা নিষিদ্ধ থাকায় কর্মহীন জেলেদের জন্য সরকারি বরাদ্দকৃত চাল বিতরণে অনিয়মের অভিযোগ গণমাধ্যমে প্রকাশিত হয়েছে, যা মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দৃষ্টিগোচর হয়েছে। প্রকাশিত সংবা দ অনুযায়ী, হাজিপুর ইউনিয়নে কর্মহীন জেলেদের জন্য জনপ্রতি ৮০ কেজি চাল বিতরণের সরকারি নির্দেশনা থাকলেও , বাস্তবে প্রতিজনকে ৫০ কেজি করে চাল দেওয়া হয়েছে। ফলে জনপ্রতি ৩০ কেজি চাল কম পাওয়ায় জেলেদের মধ্যে অসন্তোষের সৃষ্টি হয়েছে। অভিযোগের প্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্প দ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু, এমপি-এর নির্দেশনায় মৎস্য অধিদপ্তর, পটুয়াখালী জেলার জেলা মৎস্য কর্মকর্তা বিজন কুমার নন্দীকে প্রধান করে এক সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে। মন্ত্রণালয় তদন্ত কমিটিকে দ্রুততম সময়ের মধ্যে প্রকৃত ঘটনা উদ্‌ঘাটন করে, দায়ীদের চিহ্নিতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ দিতে নির্দেশনা দিয়েছে। মন্ত্রণালয় সংশ্লিষ্ট সবাইকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে সরকারি সহায়তা যথাযথভাবে প্রকৃত উপকারভোগীদের কাছে পৌঁছে দেওয়ার জন্য কঠোর নির্দেশনা দিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## গুমের বিরুদ্ধে শক্ত আইন চায় জনগণ: রিজভী

দেশের জনগণ চায়, গুম আইনে যে-সব ফাঁকফোকর ও ঘাটতি রয়েছে, তা পূরণ করে একটি শক্তিশালী আইন করা হোক বলে বলে মন্তব্য করেছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক বিষয়ক উপদে ষ্টা অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। সোমবার (২০ এপ্রিল) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে দলের সাবেক সাংগঠনিক সম্পাদক ইলিয়াস আলী ও তার ড্রাইভারের গুম সন্ধানের দাবিতে আলোচনা সভা ও দোয়া মাহফিলে রিজভী এসব কথা বলেন। রুহুল কবির রিজভী বলেন , দেশ একটি দুঃসময় অতিক্রম করে এখন সুসময়ের দিকে এগোচ্ছে। তবে এই সুসময় শুধু ব্যক্তি বা গোষ্ঠীর জন্য নয় , বরং পুরো জাতির জন্য নিশ্চিত করতে হবে। তিনি বলেন, জাতীয় ও আন্তর্জাতিক ষড়যন্ত্র এখনও বিদ্যমান। তবুও এখন অন্তত গ্রে ফতার, গুম বা ক্রসফায়ারের ভয় কমেছে, এটাই সুসময়ের লক্ষণ। রিজভী বলেন , প্রকৃত সুসময় তখনই প্রতিষ্ঠিত হবে , যখন আইনের শাসন নিশ্চিত হবে এবং কোনো সাধারণ মানুষ অন্যায়ের শিকার হলে আদালতে ন্যায়বিচার পাবে। ক্ষমতার অপব্যবহার বন্ধ করাকেও তিনি সুসময়ের অন্যতম শর্ত হিসেবে উল্লেখ করেন। গুমসংক্রান্ত অধ্যাদেশ বাতিল প্র সঙ্গে প্রধানমন্ত্রীর উপদেষ্টা বলেন, সরকার এ উদ্যোগ নিয়েছে। এতে অনেক ঘাটতি ও ফাঁক -ফোকর রয়েছে। দেশের জনগণ চায় , সে ফাঁক-ফোকর ঘাটতি পূরণ করে একটি শক্তিশালী আইন করা হোক। তিনি সরকারের প্রতি একটি শক্তিশালী আইন প্রণয়নের আহ্বান জানান , যাতে ভবিষ্যতে কোনো সরকার গু মের মতো অমানবিক পন্থা ব্যবহার করতে না পারে। রিজভী আরও বলেন, পার্লামেন্টে একটি কার্যকর আইন করতে হবে , যাতে ভবিষ্যতে কেউ রাজনৈতিক প্রতিপক্ষকে অদৃশ্য করার সুযোগ না পায়। জনগণ এ বিষয়ে সরকারের কাছ থেকে স্পষ্ট অবস্থান চায়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## শেকৃবিতে নিষিদ্ধ ছাত্রলীগের নতুন কমিটি

রাজধানীর শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) নিষিদ্ধ ছাত্রসংগঠন বাংলাদেশ ছাত্রলীগ শাখার নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনানের সই করা এক বিজ্ঞপ্তিতে ২৪ সদস্যবিশিষ্ট এ কমিটি দেওয়া হয়েছে। নতুন কমিটিতে গৌতম দাস রনি সভাপতি এবং জামিউল আলম পরশকে সাধারণ সম্পাদক করা হয়েছে। রোববার (১৯ এপ্রিল) বাংলাদেশ ছাত্রলীগের ভেরিফায়েড ফেসবুক পেজের মাধ্যমে এ ঘোষণা দেওয়া হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## তাপস দম্পতির ৬টি ক্রেডিট কার্ড অবরুদ্ধ

৭৯ কোটি ৫৯ লাখ টাকা ও ৯ লাখ ১৩ হাজার মার্কিন ডলার সন্দেহজনক লেনদেনের অভিযোগে সাবেক মেয়র শেখ ফজলে নূর তাপস ও তার স্ত্রী আফরিন তাপসের ব্যাংকিং কার্যক্রমে নিয়ন্ত্রণ আরোপ করেছেন আদালত। সোমবার (২০ এপ্রিল) ঢাকার মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ সাব্বির ফয়েজ দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী রিয়াজ হোসেন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। রিয়াজ হোসেন বলেন , অভিযুক্তদের নামে থাকা মধুমতি ব্যাংকের ৬টি ক্রেডিট কার্ডের ডেবিট কার্যক্রম অবরুদ্ধ করার নির্দেশ দিয়েছেন

আদালত। দুদকের সহকারী পরিচালক মো. ফেরদৌস রহমান এ বিষয়ে আবেদন করেন। দুদকের অভিযোগ অনুযায়ী, এই দম্পতির বিরুদ্ধে জ্ঞাত আয়বহির্ভূত প্রায় ৭৯ কোটি ৫৯ লাখ টাকা এবং ৯ লাখ ১৩ হাজার মার্কিন ডলারের সন্দেহজনক লেনদেনের তথ্য পাওয়া গেছে। তদন্ত কর্মকর্তার আবেদনে বলা হয়, এসব অর্থের উৎস অস্পষ্ট এবং আর্থিক লেনদেনে অস্বাভাবিকতা রয়েছে। তদন্ত চলাকালে তারা যাতে ব্যাংকিং সুবিধা ব্যবহার করে অর্থ সরিয়ে নিতে না পারেন, সে কারণে আদালত এসব কার্ড অবরুদ্ধ করার নির্দেশ দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## ৩২ কোটি টাকার অস্বাভাবিক লেনদেন, জেলগেটে পলককে জিজ্ঞাসাবাদের অনুমতি

প্রায় ৩২ কোটি টাকার অস্বাভাবিক লেনদেন এবং ৮ কোটি ৭৩ লাখ টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে সাবেক প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলককে জেলগেটে জিজ্ঞাসাবাদের অনুমতি দিয়েছেন আদালত। সোমবার (২০ এপ্রিল) ঢাকা মহান গর জ্যেষ্ঠ বিশেষ জজ সাব্বির ফয়েজ দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী রিয়াজ হোসেন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। রিয়াজ হোসেন বলেন, দুদকের আবেদনের ভিত্তিতে আদালত পলককে জেলগেটে জিজ্ঞাসাবাদের অনুমতি দিয়েছেন। দুদকের তথ্যম তে, পলকের বিরুদ্ধে প্রায় ৮ কোটি ৭৩ লাখ টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ রয়েছে। পাশাপাশি তার নামে থাকা ২৫টি ব্যাংক হিসাবে প্রায় ৩২ কোটি টাকার অস্বাভাবিক লেনদেনের তথ্য পাওয়া গেছে, যা মানিলন্ডারিংয়ের সঙ্গে সম্পৃক্ত বলে সন্দেহ করা হচ্ছে। বর্তমানে তিনি কারাগারে থাকায় সরাসরি আদালতে এনে জিজ্ঞাসাবাদ সম্ভব না হওয়ায়, তদন্তের স্বার্থে জেলগেটেই তাকে জিজ্ঞাসাবাদের অনুমতি দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## ১১ দলের প্রার্থী চূড়ান্ত; জামায়াত থেকে ৮, আছেন জুলাই শহিদের মা

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ১১ দলীয় ঐক্যের প্রার্থী চূড়ান্ত হয়েছে। সেখানে জামায়াতে ইসলামী থেকে আছেন আটজন। সেই সঙ্গে একজন জুলাই শ হিদের মাকে রাখা হয়েছে। সোমবার (২০ এপ্রিল) বিকেলে জামায়াতের মহিলা বিভাগের সেক্রেটারি নুরুন্নেসা সিদ্দিকা জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেন। সাধারণ আসনের অনুপাত অনুযায়ী, এই জোট মোট ১৩টি সংরক্ষিত নারী আসন পাচ্ছে। সেখানে দল হিসেবে জামায়াতের জন্য বরাদ্দ ১১টি। বাকিগুলো অন্য জোটসঙ্গীদের। নুরুন্নেসা সিদ্দিকা বলেন, ”আমাদের ১১টি আসনের আটটিতে আমরা দল থেকে প্রার্থী দিয়েছি। জোটের স্বার্থে তিনটি আসন ছেড়েছি। সেখানে একজন জুলাই শহিদের মা রয়েছেন।„ নুরুন্নেসা সিদ্দিকা জানান, এ বিষয়ে মঙ্গলবার (২১ এপ্রিল) রাজধানীর আগারগাঁওয়ে তারা সবাই বসবেন। সেখানে বিস্তারিত জানানো হবে। মনোনয়ন পেলেন যারা- জামায়াতের কেন্দ্রীয় মহিলা বিভাগের সেক্রেটারি নূরুন্নিসা সিদ্দীকা, সহকারী সেক্রেটারি মারজিয়া বে গম, আইন ও মানবাধিকার বিষয়ক সম্পাদক সাবিকুন নাহার মুন্নী, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষক ও মহিলা বিভাগের সদস্য মারদিয়া মমতাজ, মহিলা বিভাগের সদস্য নাজমুন নাহার নীলু, সিলেটের নেত্রী মাহফুজা সিদ্দিকা, বগুড়ার নেত্রী ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যা ন সাজেদা সামাদ এবং খুলনা মহানগরীর সেক্রেটারি সামসুন নাহার। এছাড়া, জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নারী সংগঠন জাতীয় নারীশক্তির আহ্বায়ক মনিরা শারমিন ও সদস্যসচিব মাহমুদা আলম মিতু, জাগপার চেয়ারম্যান তাসমিয়া প্রধান, বাংলাদেশ খেলাফত মজলি শের নারী মজলি শের সদস্য মা হবুবা হাকিম এবং জুলাই শ হিদ শিশু জাবির ইব্রাহিমের মা রোকেয়া বেগম মনোনয়ন পেয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## জ্বালানি পরিস্থিতি এ মুহূর্তে দেশের ‘সবচেয়ে বার্নিং ইস্যু,

জ্বালানি নিয়ে সৃষ্টি পরিস্থিতিকে এ মুহূর্তে দেশের ‘সবচেয়ে বার্নিং ইস্যু, হিসেবে আখ্যা দিয়ে জাতীয় সংসদে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। তিনি বলেন, সরকার জ্বালানি পরিস্থিতি নিয়ে যে তথ্য দিচ্ছে, তার সঙ্গে বাস্তবের কোনো মিল নেই। জনগণের প্রতিনিধি হিসেবে এই সংকটে চুপ থাকা সংসদ সদস্যদের জন্য দুর্ভাগ্যজনক। সোমবার (২০ এপ্রিল) জাতীয় সংসদে জ্বালানি সংকট নিয়ে আলোচনার জন্য একটি মু লতবি প্রস্তাব করেন বিরোধীদলীয় নেতা। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। বক্তব্যের শুরুতেই শফিকুর রহমান বলেন, দেশের মানুষ প্রত্যাশা করছে, এই সংসদে জ্বালানি সংকট নিয়ে আলোচনা হবে। এটি এখন দেশের সবচেয়ে বড়ো সমস্যা। কিন্তু আমরা এই গুরুত্বপূর্ণ বিষয়টি আলোচনা করতে পারছি না, এটা কি আমাদের জন্য দুর্ভাগ্য নয়? তিনি বলেন, পত্রিকার রিপোর্ট বা সামাজিক যোগাযোগমাধ্যমের বাইরে আমি নিজে বাস্তবে পরিস্থিতি বোঝার চেষ্টা করেছি এবং দেখেছি, সাধারণ মানুষে র মধ্যে কতটা অসন্তোষ বিরাজ করছে। তিনি আরও বলেন, সংসদের প্রতিটি সেকেন্ড ব্যয় হচ্ছে জনগণের ট্যাক্সের টাকায়। এই প্রতিষ্ঠান জনগণের সম্পদ দিয়ে গড়া। আমরা এখানে নিজেদের প্রয়োজনে আসিনি, জনগণ তাদের প্রয়োজনে আমাদের পাঠিয়েছে। যদি জনগণের এই চরম দুর্ভোগের সময় তাদের কথা গুলো সংসদে বলতে না পারি, তবে এখানে থাকার কোনো সার্থকতা নেই। সরকারের

পরিসংখ্যান ও বক্তব্যের সমালোচনা করে বিরোধীদলীয় নেতা বলেন , সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে যে বিবৃতি দেওয়া হয়েছে, আমি বাস্তবের সঙ্গে তার কোনো মিল খুঁজে পাইনি। একদিকে সংসদে বলা হচ্ছে , তেলের কোনো সংকট নেই, অন্যদিকে সংসদের বাইরে তেলের জন্য মানুষ হাহাকার করছে। সংকট আছে বলেই আজ হাইকোর্টের মতো সংবেদনশীল জায়গায় ভার্চুয়ালি কাজ করতে হচ্ছে। শফিকুর রহমান বলেন , আমরা বুঝি, এটি একটি গ্লোবাল ম্যাটার এবং যুদ্ধ পরিস্থিতির কারণে সমস্যা হচ্ছে। আমরা বারবার বলছি, আমরা সবাই মিলে এখানে কন্ট্রিবিউট করতে চাই। পরিস্থিতি সহজ করার জন্য আমাদের মতামত দিতে চাই। কিন্তু সব দায়িত্ব যদি শুধু সরকারি দলই পালন করে , তবে আমরা নাগরিক বা জনপ্রতিনিধি হিসেবে দায়বদ্ধতা পালন করবো কীভাবে ? তিনি স্পিকারের উদ্দেশ্যে বলেন, এই সংকট এই মুহূ র্তের গুরুতর সমস্যা। কারণ , গোটা অর্থনীতির চাকাই নির্ভর করে পাওয়ার বা শক্তির ওপর , যার কাঁচামাল হলো এই জ্বালানি। তাই দায়সারাভাবে নিষ্পত্তি না করে , মাননীয় সংসদ নেতার উপস্থিতিতে এই বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সময় বরাদ্দ করা হোক। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## ভারতের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সবচেয়ে বেশি: বাণিজ্যমন্ত্রী

ভারতের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতির পরিমাণ সবচেয়ে বেশি বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। সোমবার (২০ এপ্রিল) ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেনের লিখিত প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। তিনি বলেন , ২০২৪-২০২৫ অর্থবছরের আমদানি ও রপ্তানির তথ্যানুযায়ী , সার্কভুক্ত দেশগুলোর মধ্যে আফগানিস্তান, ভুটান, ভারত ও পাকিস্তানের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি রয়েছে। ওই অর্থবছরে সার্কভুক্ত দেশগুলোর সঙ্গে বাংলাদেশের বাণিজ্যিক অবস্থান তুলে ধরে তিনি জানান , আফগানিস্তানে রপ্তানি করা হয়েছে ১১ দশমিক ০৯ মিলিয়ন মার্কিন ডলার , আর আমদানি করা হয়েছে ২১ দশমিক ৮০ মিলিয়ন মার্কিন ডলার , ঘাটতি ১০ দশমিক ৭১ মিলিয়ন মার্কিন ডলার। ভুটানে রপ্তানি করা হয়েছে ১৪ দশমিক ৩৩ মিলিয়ন মার্কিন ডলার, আর আমদানি করা হয়েছে ৪৪ দশমিক ১০ মিলিয়ন মার্কিন ডলার, ঘাটতি ২৯ দশমিক ৭৭ মিলিয়ন মার্কিন ডলার। ভারতে রপ্তানি করা হয়েছে ১ হাজার ৭৬৪ দশমিক ২৪ মিলিয়ন মার্কিন ডলার, বিপরীতে আমদানি করা হয়েছে ৯ হাজার ৬২৪ দশমিক ১০ মিলিয়ন মার্কিন ডলার , ঘাটতি ৭ হাজার ৮৫৯ দশমিক ৮৭ মিলিয়ন ডলার। নেপালে রপ্তানি ৩৫ দশমিক ৪০ মিলিয়ন মার্কিন ডলার, আর আমদানি ৫ দশমিক ৫০ মিলিয়ন মার্কিন ডলার। পাকিস্তানে রপ্তানি ৭৪ মিলিয়ন মার্কিন ডলার আর আমদানি ৭৫৫ দশমিক ৩০ মিলিয়ন মার্কিন ডলার , ঘাটতি রয়েছে ৬৮১ দশমিক ৩ মিলিয়ন মার্কিন ডলার। শ্রীলঙ্কায় রপ্তানি ৮২ দশমিক ৮৫ মিলিয়ন মার্কিন ডলার আর আমদানি ৭৬ দশমিক ৬০ মিলিয়ন মার্কিন ডলার। মালদ্বীপে রপ্তানি ৬ দশমিক ৩৫ মিলিয়ন মার্কিন ডলার আর আমদানি ৩ দশমিক ৫০ মিলিয়ন মার্কিন ডলার।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## দুর্নীতি করে শিক্ষা মন্ত্রণালয়ে কেউ ২৪ ঘণ্টা থাকতে পারবে না

দুর্নীতি করে কেউ শিক্ষা মন্ত্রণালয়ে ২৪ ঘণ্টা থাকতে পারবে না বলে মন্তব্য করেছেন , শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। সোমবার (২০ এপ্রিল) সচিবালয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা উপলক্ষ্যে সংবাদ সম্মেলনে তিনি এ ক থা জানান। এসময় প্রধানমন্ত্রীর শিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টা এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন উপস্থিত ছিলেন। একজন সাংবাদিকের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন , আমি ওই মন্ত্রী , এই মন্ত্রণালয়ে যে দুর্নীতি করবে, ২৪ ঘণ্টা থাকতে পারবে না। আমি তা করেছি, এখনো করছি। আজ কয়েকজনকে বিদায় দিয়েছি। তিনি জানান, জানুয়ারিতে এসএসসির কোর্স শুরু করে ডিসেম্বরে কোর্স শেষ হয়। কোর্স শেষ করে পরীক্ষা নেওয়া হবে। ডিসেম্বরে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্তটি কবে নাগাদ বাস্তবায়ন হবে। এটি কি আগামী বছর, নাকি ২০২৮, ২০২৯ সাল থেকে। জানতে চাইলে মন্ত্রী বলেন , কেন ২০২৮, ২০২৯, ২০২৭ বলবো? জানুয়ারি মাসে সিলেবাস দিয়ে ক্লাস শুরু হয়নি ? তখন সাংবাদিকেরা বলেন , `হয়েছে,। মন্ত্রী আবার বলেন, হ্যাঁ, কিছুটা ব্যত্যয় ঘটেছে, সেজন্য ক্লাস সপ্তাহে ছয় দিন হচ্ছে। সিলেবাস ডিসেম্বরে শেষ হবে নাকি? জানুয়ারিতে ক্লাস শুরু হয়ে ডিসেম্বরে শেষ হতে হবে। তখন মন্ত্রীর কাছে আরও স্পষ্ট হওয়ার জন্য সাংবাদিকেরা জানতে চান, আগামী এসএসসি পরীক্ষা এই ডিসেম্বরে হবে কি না। জবাবে মন্ত্রী বলেন , কোর্স শেষ হবে কবে? তখন সাংবাদিকেরা বলেন `ডিসেম্বরে,। জবাবে মন্ত্রী বলেন, জানুয়ারিতে কোর্স শুরু করে ডিসেম্বরে শেষ হয়। তাহলে কোর্স শেষ হলে পরীক্ষা নেবো , এটা জানা আর না জানার কী হলো ? সাংবাদিকদের অন্য এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, যদি ডিসেম্বরে কোর্স শেষ হয় , তাহলে তাদের জীবন থেকে এক বছর নষ্ট করা হবে কেন ? তখন সাংবাদিকেরা আবারও জানতে চান, আগামী এসএসসি পরীক্ষাটি কি তাহলে ডিসেম্বরে হবে ? জবাবে শিক্ষামন্ত্রী বলেন, প্রত্যেক পরীক্ষা যে সময়ে হয়, সেই সময়ে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## বিভিন্ন দেশে নানান সংস্কৃতি থাকে, আমরা দেখলাম মবের সংস্কৃতি : রুমিন ফারহানা

দেশে একের পর এক মবের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন ব্রাহ্মণবাড়িয়া -২ আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা। তিনি বলেন, বিশ্বের বিভিন্ন দেশে নানান রকম সংস্কৃতি থাকে ; নাচের সংস্কৃতি, গানের সংস্কৃতি, অভিনয়ের সংস্কৃতি, কবিতার সংস্কৃতি। আর আমাদের দেশে গত দেড় বছর এবং এরপর গত দুই মাস ধরে আমরা মবের সংস্কৃতি দেখলাম। সোমবার (২০ এপ্রিল) জাতীয় সংসদ অধিবেশনে ডেপুটি স্পিকার কায়সার কামালের সভাপতিত্বে তার দেওয়া নোটিশ উত্থাপন করে এসব কথা বলেন রুমিন ফারহানা। রুমিন ফারহানা বলেন, বাংলাদেশ ব্যাংকের গভর্নর থেকে শুরু করে সুপ্রি ম কোর্টের আইনজীবী সমিতি - কোথাও আজ জননিরাপত্তা নিশ্চিত নেই। সরকারি গুরুত্বপূর্ণ দপ্তরের প্রধানদের `মব, করার পাশাপাশি বরিশাল আদালত প্রাঙ্গণ এবং সুপ্রিম কোর্টের ল ,ইয়ার্স রুমেও মবের ঘটনা ঘটেছে, যা বিচার ব্যবস্থার মর্যাদাকে প্রশ্নবিদ্ধ করছে। এছাড়া ডেইলি স্টার অফিসে হামলা, চট্টগ্রামে দেড় বছর আগে ছিনতাইকারী সন্দেহে পিটিয়ে হত্যা এবং কুষ্টিয়ায় অভিযোগকারীকে পিটিয়ে মারার মতো নৃশংস ঘটনাগুলো আমাদের সামাজিক অবক্ষয়ের চিত্রই তুলে ধরছে। স্বরাষ্ট্রমন্ত্রীর সমালোচনা করে তিনি বলেন , মন্ত্রী কয়েক দফা আশ্বস্ত করেছিলেন যে, বাংলাদেশে আর মব কালচার থাকবে না এবং বিচারহীনতার সংস্কৃতি বন্ধ হবে। কিন্তু বাস্তবে একটির পর একটি ঘটনা ঘটেই চলেছে। মানুষ যখন ন্যায়বিচার পায় না , তখনই তারা এ ধরনের নৈরাজ্যকর সংস্কৃতির দিকে ধাবিত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## বিএনপির নারী এমপি হয়ে সংসদে যাচ্ছেন আওয়ামী লীগ নেত্রী সুবর্ণা

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে বিএনপির মনোনয়ন তালিকায় আওয়ামী লীগের পদধারী নেত্রীর নাম অন্তর্ভুক্ত হওয়াকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনা তৈরি হয়েছে। যেখানে মনোনীতদের তালিকায় জায়গা করে নিয়েছেন গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলা আওয়ামী লীগের বন ও পরিবেশবিষয়ক সম্পাদক সুবর্ণা সিকদার ঠাকুর। তিনি বিএনপির ঘোষিত চূড়ান্ত তালিকার ২০ নম্বর অবস্থানে রয়েছেন। একই তালিকায় নাম রয়েছে আওয়ামী লীগ সরকারের সময়ে সহকারী পাবলিক প্রসিকিউটর (এপিপি) হিসেবে দায়িত্ব পালন করা অ্যাডভোকেট মাধবী মারমারও। তিনি তালিকার ৩৪ নম্বর অবস্থানে রয়েছেন। জানা যায় , মাধবী মারমা ২০০৯ থেকে ২০১৫ সাল পর্যন্ত আওয়ামী সরকারের আমলে দলীয় এপিপি হিসেবে দায়িত্ব পালন করেন। পরে ২০১৫ সালে তিনি নোটারি পাবলিক হিসেবেও দায়িত্বে ছিলেন। সোমবার রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে ঘোষিত ৩৬ সদস্যের চূড়ান্ত তালিকায় এই দুজনের নাম প্রকাশিত হয় , যা রাজনৈতিক অঙ্গনে নতুন সমীকরণের ইঙ্গিত হিসেবে দেখা হচ্ছে। দলীয় ঘোষণার পর থেকেই তাদের অন্তর্ভুক্তি নিয়ে রাজনৈতিক মহলে নানা আলোচনা শুরু হয়েছে। ক্ষমতাসীন দলের সঙ্গে অতীত সম্পৃক্ততা থাকা সত্ত্বেও বিএনপির মনোনয়ন পাওয়ায় বিষয়টি কৌশলগত সিদ্ধান্ত কি না - তা নিয়েও চলছে বিশ্লেষণ। এ বিষয়ে বিএনপির পক্ষ থেকে তাৎক্ষণিকভাবে কোনো আনুষ্ঠানিক ব্যাখ্যা পাওয়া যায়নি। মনোনীতদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও , তাদের বক্তব্য পাওয়া যায়নি। রাজনৈতিক বিশ্লেষকদের মতে , এ ধরনের মনোনয়ন ভবিষ্যৎ রাজনীতিতে দলীয় প্রার্থী বাছাই প্রক্রিয়ায় নতুন বাস্তবতা ও কৌশলগত দৃষ্টিভঙ্গির প্রতিফলন হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## বাংলাদেশে জ্বালানির মূল্যবৃদ্ধি অত্যন্ত সহনীয়: সংসদে বাণিজ্যমন্ত্রী

আন্তর্জাতিক বাজারের তুলনায় বাং লাদেশে জ্বালানির মূল্যবৃদ্ধি অত্যন্ত মডারেট বা সহনীয় পর্যায়ে রয়েছে বলে দাবি করেছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। সোমবার (২০ এপ্রিল) সংসদের চলমান অধিবেশনে ব্রাহ্মণবাড়িয়া -২ আসনের সংসদ সদস্য রুমিন ফারহানার সম্পূরক প্রশ্নের জবাবে বাণিজ্যমন্ত্রী এ কথা বলেন। রুমিন ফারহানা জানতে চান, বাংলাদেশে দীর্ঘদিন ধরে মূল্যস্ফীতি ডাবল ডিজিটে ছিল , যা এখনো খাদ্যদ্রব্যের ক্ষেত্রে ৯ শতাংশের বেশি। এই মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সরকারের কোনো কার্যকর পদক্ষেপ আছে কি না - জবাবে বাণিজ্যমন্ত্রী বলেন , মূল্যস্ফীতি কেন বাড়ছে, সেটি আ মাদের বুঝতে হবে। সারা পৃথিবীতে জ্বালানি তেলের দাম যে অনুপাতে বেড়েছে , তার তুলনায় বাংলাদেশে সেটি অনেক কম। আমরা জ্বালানির দাম খুবই মডারেট হারে বাড়িয়েছি। তিনি বলেন , একটি শিল্প - কারখানায় মোট উৎপাদন খরচের মাত্র ৭ থেকে ৮ শতাংশ ব্যয় হয় জ্বালানির পেছনে। সেখানে ডিজেলে র দাম ১৫ শতাংশ বাড়ানো হয়েছে। অর্থাৎ , উৎপাদন খরচের সেই ৭-৮ শতাংশের ওপর ১৫ শতাংশ প্রভাব পড়েছে, যা খুব বড়ো কোনো অভিঘাত নয়। পরিবহণ খাতের উদাহরণ টেনে মন্ত্রী বলেন, একটি বাস ২০০ কিলোমিটার চলতে ২৫-৩০ লিটার ডিজেল ব্যবহার করে। এতে খরচ বেড়েছে ৪৫০ টাকা। এই ৩০ লিটার ডিজেলের জ্বালানি দিয়ে যে ট্রাকটি পণ্য পরিবহণ করে, সেটি ১০ হাজার কেজি পণ্য বহন করতে পারে। অর্থাৎ , এই ৪৫০ টাকার প্রভাব ১০ হাজার কেজি পণ্যের ওপর পড়ে। শুনলে মনে হতে পারে দাম অনেক বেড়েছে , কিন্তু পরিবাহিত পণ্যের ইউনিটের ভিত্তিতে হিসাব করলে এটি মূল্যস্ফীতি ঘটানোর মতো কোনো বড়ো উদ্দীপক নয়। বিশ্বের অন্যান্য দেশের উদাহরণ টেনে মন্ত্রী বলেন ,

পৃথিবীর অনেক দেশে জ্বালানি তেলের দাম পরিবর্তনের প্রক্রিয়াটি স্বয়ংক্রিয় (অটোমেটেড)। সেখানে সরকারের আলাদা পদক্ষেপের প্রয়োজন হয় না। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## মাদকের ৫ কোটি টাকা লেনদেন, একই পরিবারের ৭ জনের বিরুদ্ধে মামলা

মাদক কারবারের মাধ্যমে অর্জিত পাঁচ কোটি টাকার বেশি অর্থ ব্যাংকিং চ্যানেলে লেনদেনের অভিযোগে একই পরিবারের সাত সদস্যের বিরুদ্ধে মামলা করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। গাজীপুরের টঙ্গী পূর্ব থানায় এ মামলা করা হয়েছে বলে সোমবার (২০ এপ্রিল) সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান জানিয়েছেন। আসামিরা হলেন- মো. কামাল উদ্দিন, জাহানারা বেগম, মো. মানিক মিয়া, মো. আব্দুল আওয়াল, মোসা. আসমা, রেশমা খাতুন ও লিজা বেগম ওরফে লিপি আক্তার। সবাই টঙ্গীর দত্তপাড়া এলাকা য় বসবাস করেন। জসীম উদ্দিন জানান, ২০০৯ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের ফেব্রুয়ারি পর্যন্ত সময়ে অভিযুক্তরা নিজেদের ব্যাংক হিসাবের মাধ্যমে মোট ৫ কোটি ১৭ লাখ ২৭ হাজার ৩৭৭ টাকা লেনদেন করেছেন। এই অর্থের বড়ো অংশই মাদক কারবার থেকে অর্জিত বলে প্রাথমিকভাবে প্রমাণ পাও য়া গেছে। তদন্তে উঠে এসেছে, তিন বোন আসমা, রেশমা ও লিজা এই চক্রের হোতা। তাদের সঙ্গে পরিবারের অন্যান্য সদস্যদের সমন্বয়ে একটি সংঘবদ্ধ মাদক সিন্ডিকেট গড়ে ওঠে। তারা দেশের বিভিন্ন জেলা থেকে মাদক সংগ্রহ করে গাজীপুরসহ রাজধানীর বিভিন্ন এলাকায় সরবরাহ ও বিক্রি করতেন। অভিযুক্তদের বৈধ কোনো আয়ের উৎস না থাকলেও, তাদের ব্যাংক হিসাবে বিপুল পরিমাণ অর্থ লেনদেন হয়েছে। এই অর্থ স্থানান্তর, হস্তান্তর ও রূপান্তরের মাধ্যমে তারা মানিলন্ডারিং অপরাধ সংঘটিত করেছেন। এরই মধ্যে প্রায় ৭৯ লাখ ৭৩ হাজার টাকার জমি কেনার তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট অর্থের একটি অংশ পুনরায় মাদক কেনা এবং ব্যক্তিগত ভোগ-বিলাসে ব্যয় করা হয়েছে। অভিযুক্তদের বিরুদ্ধে দেশের বিভিন্ন থানায় একাধিক মাদকসহ অন্যান্য অপরাধের মামলার তথ্য পাওয়া গেছে। এর মধ্যে রেশমার বিরুদ্ধে ১০টি, লিজার বিরুদ্ধে সাতটি, মানিকের বিরুদ্ধে পাঁচটি ও আসমার বিরুদ্ধে তিনটি মামলা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## প্রলোভনে অর্ধকোটি টাকা খোয়ালেন অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব, গ্রেফতার ৪

চাকরি ও ব্যবসায়িক অংশীদারত্বের প্রলোভন দেখিয়ে এক অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিবের কাছ থেকে প্রায় অর্ধকোটি টাকা আত্মসাতের অভিযোগে প্রতারক চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। গ্রেফতাররা হলেন- তোফায়েল হোসেন ওরফে রতন (৬৮), লিটন মুন্সী (৬০), বাবুল হোসেন (৫৫) ও নুরুল ইসলাম (৩৯)। সোমবার (২০ এপ্রিল) সিআইডির বিশেষ পুলিশ সুপার (মিডিয়া) জসীম উদ্দিন খান এসব ত থ্য জানান। তিনি জানান, প্রতারক চক্রটি প্রথমে মোটা বেতনের চাকরির প্রলোভন দেখিয়ে ভুক্তভোগীকে একটি কথিত অফিসে নিয়ে যায়। পরে ব্যবসায়িক অংশীদারত্বের প্রস্তাব দিয়ে এক সপ্তাহে ২০ শতাংশ লাভ দেওয়ার আশ্বাস দেয়। এ প্রলোভনে পড়ে ভুক্তভোগী ধাপে ধাপে ৫৪ লাখ ৭০ হাজার টাকা বিনিয়োগ করেন। কিন্তু নির্ধারিত সময় পার হলেও কোনো অর্থ ফেরত না পেয়ে এবং বারবার টালবাহানা দেখে ভুক্তভোগী অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব প্রতারণার বিষয়টি বুঝতে পারেন। পরে ২০২৪ সালের ৭ ডিসেম্বর পল্লবী থানায় প্রতারণার অভিযোগে মামলা করেন। তদন্তে সিআইডির সাইবার পুলিশ সেন্টার প্রযুক্তিগত বিশ্লেষণের মাধ্যমে চক্রটির সদস্যদের শনাক্ত করে। পরে অভিযান চালিয়ে চারজনকে গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রাম বন্দরে দুই জাহাজ থেকে খালাস হচ্ছে৬৮ হাজার টন জ্বালানি

চট্টগ্রাম বন্দরের ডলফিন জেটিতে দুটি জাহাজ থেকে প্রায় ৬৮ হাজার মেট্রিক টন ডিজেল খালাস করা হচ্ছে। সোমবার (২০ এপ্রিল) সকাল থেকে জ্বালানি খালাসের এ কার্যক্রম শুরু হয়। বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের জনসংযোগ শাখার সহকারী মহাব্যবস্থাপক ফারজিন হাসান মৌমিতা জানান, প্রায় ৩৫ হাজার মেট্রিক টন ডিজেল নিয়ে এম টি ওকাত্রি এবং ৩৩ হাজার মেট্রিক টন ডিজেল নিয়ে এমটি কেইপ বনি চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে। বর্তমানে জাহাজ দুটি থেকে জ্বালানি খালাস করা হচ্ছে। তিনি আরও জানান, এর বাইরে আরও তিনটি জাহাজ বাংলাদেশের জলসীমায় প্রবেশ করেছে। এর মধ্যে এমটি লিয়েন সং হু প্রায় ৪১ হাজার মেট্রিক টন ডিজেল, এমটি প্যাসিফিক ইনডিগো ৩৩ হাজার মেট্রিক টন ডিজেল এবং এমটি নেইভ সিয়েলো ২৭ হাজার মেট্রিক টন অকটেন নিয়ে অপেক্ষায় রয়েছে। চট্টগ্রাম বন্দর সংশ্লিষ্টরা বলছেন, এসব জ্বালানি খালাসের পর দেশের বিভিন্ন ডিপোতে সরবরাহ করা হবে। এতে জাতীয় পর্যায়ে জ্বালানি মজুত আরও শক্তিশালী হবে এবং চাহিদা পূরণে সহায়ক হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## ৪ দিনের সফরে মালয়েশিয়ায় সেনাপ্রধান

চারদিনের সরকারি সফরে মালয়েশিয়া গেছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার -উজ-জামান। রোববার (১৯ এপ্রিল) তিনি মালয়েশিয়া পৌঁছান। সোমবা র (২০ এপ্রিল) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। আইএসপিআর জানায় , সেনাপ্রধান আজ প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী তারেক রহমানের প্রতিনিধি হিসেবে মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত ‘দ্য ডিফেন্স সার্ভিসেস এশিয়া (ডিএসএ), ও ন্যাশনাল সিকিউরিটি এশিয়া (এনএটিএসইসি এশিয়া ) ২০২৬ এক্সিবিশন, পরিদর্শন করেন। এশিয়ার বৃহত্তম এ প্রদর্শনীতে আধুনিক প্রতিরক্ষা ব্যবস্থা, ইলেকট্রনিক যুদ্ধ প্রযুক্তি, নিরাপত্তা ও যুদ্ধ সরঞ্জামাদি প্রদর্শিত হচ্ছে। সেনাপ্রধান আগামীকাল ৮ম পুত্রাজায়া ফোরামে অংশগ্রহণ করবেন। আইএসপিআর আরও জানায়, এ ফোরামে আসিয়ান অঞ্চলের নিরাপত্তা ও আঞ্চলিক স্থিতিশীলতায় উদীয়মান প্রযুক্তির প্রভাব এবং সমন্বিত সহযোগিতামূলক বিভিন্ন নীতি ও কৌশল নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা অনুষ্ঠিত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## জাতীয় ক্যানসার হাসপাতালের উপ-পরিচালককে ছুরিকাঘাত

রাজধানীর বনানী এলাকায় জাতীয় ক্যানসার হাসপাতালের উপ -পরিচালক ডা. আহমদ হোসেনকে ছুরিকাঘাত করেছে দুর্বৃত্তরা। সোমবার (২০ এপ্রিল) অফিস শেষে বাসায় ফেরার পথে এ হামলার ঘটনা ঘটে। পুলিশ জানায়, অফিস শেষে বাসায় ফেরার সময় বনানী র পুরোনো ব্র্যাক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের পেছনের একটি গলিতে ২ থেকে ৩ জন অজ্ঞাত পরিচয়ের ব্যক্তি তাকে লক্ষ্য করে হামলা চালায়। এ সময় তার ডান হাত ও পিঠে ছুরিকাঘাত করে হামলাকারীরা দ্রুত পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে জাতীয় ক্যানসার হাসপাতালে ভ র্তি করা হয়। বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন। এ বিষয়ে গুলশান বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) এম তানভীর আহমেদ জানান, ঘটনার পরপরই বনানী থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। হামলাকারীদের শনাক্ত ও গ্রেফতারে অভিযান চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে আইনজীবী আলিফ হত্যা মামলার পলাতক আসামি গ্রেফতার

চট্টগ্রামে আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যা মামলার পলাতক এক আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (২০ এপ্রিল) দুপুরে নগরের বান্ডেল রোড এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার ব্যক্তির নাম লালা প্রকাশ (৪৩)। তিনি কোতোয়ালী থানার সেবক কলোনির মেথরপট্টির বাসিন্দা। কোতোয়ালী থানা পুলিশ জানায় , তথ্যপ্রযুক্তির সহায়তায় বিশেষ অভিযান চালিয়ে মামলার ওয়ারেন্টভুক্ত এই আসামিকে গ্রেফতার করা হয়। কোতোয়ালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো . আফতাব উদ্দিন বলেন , আইনজীবী সাইফুল ইসলাম আলিফ হত্যা মামলার পলাতক আসামিদের গ্রেফতারে অভিযান চলছে। এর অংশ হিসেবে সোমবার দুপুরে লালাকে গ্রেফতার করা হয়েছে। তিনি বলেন, গ্রেফতারের পর তাকে আদালতে পাঠানো হয়েছে। একই মামলার অন্য ওয়ারেন্টভুক্ত আসামিদের ধরতে বিশেষ অভিযান অব্যাহত রয়েছে। তবে হত্যা মামলার তদন্তে র স্বার্থে এ বিষয়ে বিস্তারিত তথ্য এখনই প্রকাশ করতে রাজি হয়নি পুলিশ। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## একচেটিয়া বাস ভাড়া বাড়ানোর পাঁয়তারা বন্ধ চায় যাত্রী কল্যাণ সমিতি

আন্তর্জাতিক ক্রেতা-ভোক্তা অধিকার আইন লঙ্ঘন করে বাস ও লঞ্চের প্রভাবশালী মালিক সমিতির নেতৃত্বে একচেটিয়া ভাড়া বাড়ানোর পাঁয়তারা চলছে বলে অভিযোগ করেছে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি। সোমবার (২০ এপ্রিল) বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে ‘যাত্রীদের দরকষাকষি বাদ দিয়ে বাস ও লঞ্চ মালিক সমিতি কর্তৃ ক একচেটিয়া ভাড়া বৃদ্ধির পাঁয়তারার প্রতিবাদে, এক জরুরি সংবাদ সম্মেলনে এ অভিযোগ করেন সংগঠনটির মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী। তিনি বলেন, জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি পেলে আনুপাতিক হারে বাস, লঞ্চ ও অন্যান্য গণপরিবহণের ভাড়া বাড়বে, এটাই স্বাভাবিক। কিন্তু বাস ও লঞ্চ মালিক সমিতি সরকারের কিছু কর্মকর্তাদের ম্যানেজ করে যাত্রী সাধারণের প্রতিনিধিত্ব বা দরকষাকষি বাদ দিয়ে একচেটিয়া ভাড়া নির্ধারণের পাঁ য়তারা চালাচ্ছে। জনস্বার্থের ভাড়া নির্ধারণে কেন লুকোচুরি করা হবে, কেন মিডিয়া থেকে গোপন করা হবে। মোজাম্মেল হক চৌধুরী বলেন , বাড়তি ভাড়া নিয়ে বাসে বাসে, লঞ্চে লঞ্চে হাতাহাতি মারামারির শিকা র হন যাত্রীরা , লাঞ্ছিত হন যাত্রীরা। কিন্তু এই ভাড়া দেওয়ার ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত পক্ষ যাত্রী সাধারণের প্রতিনিধিত্ব বাদ দিয়ে এক চেটিয়া ভাড়া নির্ধারণের যে পাঁয়তা রা চালাচ্ছে, আমরা তার প্রতিবাদ জানাচ্ছি। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## শাহজালাল বিমানবন্দর আঞ্চলিক হাব হিসেবে গড়ে উঠবে: বিমানমন্ত্রী

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরকে আঞ্চলিক হাব হিসেবে গড়ে তোলার আশা প্রকাশ করেছেন বেসরকারি বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খানম। সোমবার (২০ এপ্রিল) বেলা ১১টায় হযরত শাহজালাল

আন্তর্জাতিক বিমানবন্দরে এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট সেন্টারের উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। আফরোজা খানম বলেন, আমরা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরকে একটি বৈশ্বিক অ্যাভিয়েশন হাবে পরিণত করতে চাই। আপনাদের সবার সহযোগিতায় আমাদের সেই লক্ষ্য পূরণ হবে। আমরা আপনাদের যে -কোনো ধরনের সহযোগিতা করতে সদা প্রস্তুত। (জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-ইইউ সমন্বিত অংশীদারত্ব ও সহযোগিতা কাঠামো চুক্তি সই

বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) মধ্যে সমন্বিত অংশীদারত্ব ও সহযোগিতা কাঠামোর প্রাথমিক চুক্তি (পিসিএ) স্বাক্ষর হয়েছে। স্থানীয় সময় সোমবার (২০ এপ্রিল) সকালে ব্রাসেলসে এ চুক্তি সম্পন্ন হয়। বাংলাদেশের পক্ষে সচিব (পূর্ব ও পশ্চিম ) ড. মু. নজরুল ইসলাম এবং ইইউ -এর পক্ষে ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (এশিয়া ও প্যাসিফিক) পাওলা পাম্পালনি সই করেন। পররাষ্ট্রমন্ত্রী ড . খলিলুর রহমান, প্রধানমন্ত্রীর পররা ষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং ইউরোপিয়ান কমিশনের হাই -রিপ্রেজেনটেটিভ/ভাইস প্রেসিডেন্ট কাজা কাল্লাস এসময় উপস্থিত ছিলেন। বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরও সম্প্রসারণে, ২০২৩ সালের ২৫ অক্টোবর নতুন করে ইইউ -বাংলাদেশ অংশীদারত্ব ও সহযোগি তা চুক্তির বিষয়ে আলোচনা শুরুর সিদ্ধান্ত হয়। পিসিএ হলো আইনগত বাধ্যতামূলক চুক্তি , যা ইইউ ও একটি অংশীদার দেশের মধ্যে সহযোগিতার ক্ষেত্রে একটি রূপরেখা প্রতিষ্ঠা করে। অংশীদারত্ব ও সহযোগিতা চুক্তির মাধ্যমে ইইউ অংশীদার দেশগুলোতে রাজনৈতিক সংলাপ , শান্তি ও নিরাপত্তা, সুশাসন ও মানবাধিকার, বাণিজ্য, অর্থনীতি, আর্থিক সহযোগিতাসহ বিভিন্ন বিষয় এর মধ্যে থাকে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## মালয়েশিয়ার শ্রমবাজার খুব দ্রুতই বাংলাদেশিদের জন্য খুলবে: প্রতিমন্ত্রী

মালয়েশিয়ার শ্রমবাজার খুব দ্রুতই বাংলাদেশিদের জন্য পুনরায় খুলবে বলে জানিয়েছেন প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুর। সোমবার (২০ এপ্রিল) সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল অধিবেশনে সভাপতিত্ব করেন। নুরুল হক নুর বলে ন, ‟খাদ্যাভ্যাস ও পরিবেশের মিল থাকায় কর্মজীবীদের পছন্দের জায়গা মালয়েশিয়া। তা আমাদের শ্রমবাজারের বড়ো জায়গাও বটে। কিন্তু বিভিন্ন জটিলতার কারণে এটি বন্ধ আছে। এই (প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান ) মন্ত্রণালয়ের মন্ত্রী মালয়েশিয়া সফর করেছেন এবং সংশ্লিষ্টদের স ঙ্গে ইতিবাচক আলাপ -আলোচনা হয়েছে। খুব দ্রুতই বাংলাদেশিদের জন্য মালয়েশিয়ার পথটুকু খুলে যাবে। আশা করি , খুব দ্রুতই একটি ফলাফল আমরা পাবো। „ কবে নাগাদ শ্রমবাজার খুলবে - এমন প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন , ”নির্দিষ্টভাবে দিন-তারিখ বলা যাবে না। কারণ এটি মালয়েশিয়া স রকারের বিষয়। তবে আমাদের দিক থেকে আমরা প্রস্তুত। প্রশিক্ষণসহ আমাদের লোকবল প্রস্তুত। আমাদের দিক থেকে কোনো সমস্যা নেই। মালয়েশিয়া থেকে সংকেত পেলেই এখান থেকে কর্মী যাওয়া শুরু হবে। „
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## আমার জন্য দোয়া করায় মসজিদের ইমামের ওপর হামলা হয়েছে

নোয়াখালী-৬ আসনের সংসদ সদস্য আবদুল হান্নান মাসউদ বলেছেন , ”নির্বাচনের সময় তিনবার আক্রমণের শিকার হয়েছি। আমার জন্য দোয়া করার কারণে মসজিদের ইমামের ওপর হামলা হয়েছে। দেড় মাস ধরে সেই ইমাম হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। কিন্তু একজন আসামিও এখনো গ্রেফতার হয়নি। „ সোমবার (২০ এপ্রিল) সংসদ অধিবেশনে জরুরি জনগুরুত্বসম্পন্ন নোটিশের ওপর আলোচনা করতে গিয়ে তিনি এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। হান্নান মাসউদ বলেন , ”নির্বাচনের আগে থেকেই আমাকে হুমকি দেওয়া হচ্ছে। আমি দ্বীপ অঞ্চলে জন্ম নিয়েছি। এখানে ভূমিদস্যু ও জলদস্যুদের উৎপাত অনেক বেশি। ফেরিতে করে ঢাকায় আসার সময় ডাকাতদল আমাকে আক্রমণের প্রস্তুতি নিয়েছিল। প্রশাসনের সহায়তায় ফিরে এসেছি। এর আগে , দুইবার আক্রমণের শিকার হয়েছি। সরাসরি অস্ত্র নিয়ে আমাকে কোপাতে আসা হয়েছে। ফ্যাসিবাদীরা বিভিন্নভা বে আমাকে হত্যার হুমকি দিচ্ছে , এলাকায় ঢুকতে দেবে না বলছে। তা ই বাধ্য হয়ে সংসদে নোটিশ দিয়েছি।„ নিরাপত্তা দেওয়ার দাবি জানিয়ে এ সংসদ সদস্য বলেন, ”আমার যে এলাকা, সেখানে চলাচলের জন্য নিরাপত্তা দিতে হবে। একজন সংসদ সদস্যকে নিরাপত্তা দেওয়া রাষ্ট্রের দায়িত্ব। আমাকে বিভিন্নভাবে হত্যার হুমকি দেওয়া হচ্ছে। আমি মনে করি, একটা তদন্ত হওয়া দরকার।„ সংসদে তিনি আরও বলেন, ”আমার গাড়িবহরে ভোটের দিন হামলা হয়েছে। কিন্তু একজন ব্যক্তিও গ্রেফতার হয়নি। আমার গাড়িতে ছয়টা কোপের দাগ এখনো আছে। সন্ত্রাসীরা এখনো এলাকায় ঘুরে বেড়াচ্ছে। আমার ওপর প রবর্তীতে হামলা হলে ট্রেজারি বেঞ্চ (সরকারি দলের সংসদ সদস্য) থেকে দায়িত্ব নেবে কি না? মামলা-জিডি করে আমি এই ব্যাপারে কোনো প্রতিকার পাচ্ছিনা।„
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## মিরপুর থেকে গাবতলী পর্যন্ত টোলারবাগ খাল খনন শুরু

রাজধানীর মিরপুর মাজার রোড থেকে গাবতলী মেইন রোড পর্যন্ত টোলারবাগ খাল খনন ও পরিচ্ছন্নতা কার্যক্রম উদ্‌বোধন করা হয়েছে। সোমবার (২০ এপ্রিল) বিকেলে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান এ কার্যক্রমের উদ্‌বোধন করেন। সেই সঙ্গে তিনি কাজের অগ্রগতি, মান ও যথাসময়ে তা শেষ করার ওপর গুরুত্ব দেন। প্রশাসক বলেন, "একটি বাসযোগ্য শহর উপহার দেওয়াই ডিএনসিসির প্রথম অঙ্গীকার। জনগণের করের টাকার যথাযথ ব্যবহার নিশ্চিত করে প্রয়োজনীয় খাতে ব্যয় করা হবে। ঠিকাদারি প্রতিষ্ঠানের কাজ আমাদের সঠিকভাবে তদারকি করতে হবে, যাতে মানহীন কাজ করে বিল নেওয়ার সুযোগ না থাকে। সব কাজ টেন্ডারে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।" শফিকুল ইসলাম জানান, সব নাগরিক সেবা নিশ্চিত করতে ডিএনসিসি কাজ করছে এবং এ কার্যক্রম কোনোভাবেই বাধাগ্রস্ত করা যাবে না।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## হরমুজ প্রণালিতে বাংলাদেশি জাহাজের নিরাপদ চলাচল নিশ্চিতে সরকারকে নোটিশ

হরমুজ প্রণালিতে বাংলাদেশি বাণিজ্যিক জাহাজের নিরাপদ চলাচল নিশ্চিত করা এবং এর মাধ্যমে সৃষ্ট ভয়াবহ জ্বালানি সংকট ও দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি থেকে নাগরিকদের সুরক্ষা দিতে অবিলম্বে কূটনৈতিক পদক্ষেপের দাবিতে সরকারের সংশ্লিষ্টদের প্রতি লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। সোমবার (২০ এপ্রিল) সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান (মামুন) জনস্বার্থে এই লিগ্যাল নোটিশ পাঠান। লিগ্যাল নোটিশে মন্ত্রিপরিষদ সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং বাণিজ্য মন্ত্রণালয়ের সচিবকে বিবাদী করা হয়েছে। নোটিশে অত্যন্ত উদ্‌বেগের সঙ্গে উল্লেখ করা হয়েছে, হরমুজ প্রণালিতে বাংলাদেশি জাহাজগুলো ইরানের নৌবাহিনী ও ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)-এর বাধার সম্মুখীন হচ্ছে। এই গুরুত্বপূর্ণ নৌপথ অবরুদ্ধ হওয়ার ফলে বাংলাদেশের জ্বালানি সরবরাহ ব্যবস্থা মারাত্মকভাবে বিপর্যস্ত হয়েছে এবং দেশজুড়ে জ্বালানি তেলের দাম ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। এর প্রভাবে পরিবহণ ও উৎপাদন খরচ বৃদ্ধি পাওয়ায় নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম আকাশচুম্বী হয়েছে, যা দরিদ্র ও মধ্যবিত্ত নাগরিকদের ক্রয়ক্ষমতাকে সম্পূর্ণ পঙ্গু করে দিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## অপচয় রোধ ও পাচার বন্ধে তেলের দাম কিঞ্চিৎ বাড়ানো হয়েছে

অপচয় রোধ ও পাচার বন্ধে জ্বালানি তেলের দাম কিঞ্চিৎ বাড়ানো হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, দেশে জ্বালানি তেল ও গ্যাসের কোনো সংকট নেই। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জ্বালানির মূল্য কম থাকলে অপচয় হওয়ার প্রবণতা থাকে। তাই অপচয় রোধ ও পাচার বন্ধ করতে এবং একটা ডিসিপ্লিন (শৃঙ্খলায় ফেরাতে) আনতে সরকার কিঞ্চিৎ মূল্যবৃদ্ধি করতে বাধ্য হয়েছে। সোমবার (২০ এপ্রিল) জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতার আনা মুলতবি প্রস্তাবের পরিপ্রেক্ষিতে মন্ত্রী এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমাদের দেশে জ্বালানি তেল ও গ্যাসের কোনো সংকট নেই - পরিসংখ্যান দিয়ে দেখিয়েছি। দ্রব্যমূল্য বৃদ্ধি যাতে না হয়, জনদুর্ভোগ যাতে না আসে, সেজন্য টলারেবল (সহনীয়) মাত্রায় জ্বালানির মূল্যবৃদ্ধি করেছি। সালাহউদ্দিন আহমদ বলেন, বিরোধীদলের নেতা বিভিন্ন জায়গায় ঘুরছেন আর বলছেন বাইরে তেল নেই, সংসদে আছে। এটা গণতান্ত্রিক অধিকার, তিনি বলতে পারেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## মিয়ানমারে পাচারকালে ৮৫০ বস্তা সিমেন্টসহ আটক ১১

সেন্টমার্টিনের অদূরে সমুদ্র এলাকায় অভিযান চালিয়ে মিয়ানমারে সিমেন্ট পাচারকালে একটি ইঞ্জিনচালিত কাঠের বোট আটক করেছে বাংলাদেশ নৌবাহিনী। এসময় পাচারের সঙ্গে জড়িত ১১ জনকে আটক করা হয়েছে। সোমবার (২০ এপ্রিল) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানায়। আইএসপিআর জানায়, গতকাল রোববার রাত প্রায় ১১টার দিকে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সেন্টমার্টিন লাইটহাউস থেকে প্রায় ১২ মাইল দূরে একটি সন্দেহজনক বোট শনাক্ত করে টহলরত নৌবাহিনীর জাহাজ সমুদ্র অভিযান। পরে দ্রুত অভিযান চালিয়ে এফবি আব্দুর রহমান-২ নামের বোটটি আটক করা হয়। তল্লাশি চালিয়ে বোট থেকে ৮৫০ বস্তা ডায়মন্ড সিমেন্ট জব্দ করা হয়। এসব সিমেন্ট মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে নেওয়া হচ্ছিল বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। অভিযানে আটক বোট, জব্দকৃত সিমেন্ট এবং সংশ্লিষ্ট ১১ জন ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। জব্দকৃত মালামালের আনুমানিক বাজারমূল্য প্রায় ১ কোটি ৫১ লাখ টাকা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

## সুপ্রিম কোর্ট সচিবালয় নিয়ে রিট শুনানি আপাতত হচ্ছে না

সুপ্রিম কোর্ট সচিবালয় (রহিতকরণ) আইন চ্যালেঞ্জ এবং সুপ্রিম কোর্ট সচিবালয়ের কার্যক্রমের ওপর স্থিতাবস্থা বজায় রাখতে নির্দেশনা চেয়ে রিটের শুনানি আপাতত হচ্ছে না। তবে , রিটটি হাইকোর্টের কার্যতালিকায় থাকছে। এ বিষয়ে আগের মামলায় আপিল বিভাগে আপিল করবে রাষ্ট্রপক্ষ। সেটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রিটের শুনানি হচ্ছে না। সোমবার (২০ এপ্রিল) হাইকোর্টের বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত বেঞ্চে রিটটি শুনানির জন্য ছিল। রিটের পক্ষে শুনানি করেন সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী মোহাম্মদ শিশির মনির। অন্যদিকে রাষ্ট্র পক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল , ডেপুটি অ্যাটর্নি জেনারেল জিয়াউর রহমান ও অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল ও ব্যারিস্টার অনিক আর হক।
(জাগো নিউজ ওয়েব পেজ:২০.০৪.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## জনগণ হারানো গণতান্ত্রিক অধিকার ফিরে পেয়েছে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসন -শোষণ থেকে মুক্তির পর দেশে জনগণের সরাসরি ভোটে দায়বদ্ধ ও জবাবদিহিতামূলক গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হয়েছে। জনগণ তাদের হারানো গণতান্ত্রিক রাজনৈতিক অধিকার ফেরত পেয়েছে। তিনি বলেছেন, আর কখনও যাতে কোনো স্বৈরাচার কিংবা তাঁবেদার জনগণের অধিকার কেড়ে নিয়ে দেশে ফ্যাসিবাদী শাসন প্রতিষ্ঠা করতে না পারে , সেটি নিশ্চিত করাই এখন সময়ের দাবি। সে লক্ষ্যেই বর্তমান সরকার দেশের প্রতিটি সাংবিধানিক প্রতিষ্ঠানকে শক্তিশালী করতে যথাযথ পদক্ষেপ নিয়েছে। সোমবার সকাল ১১টায় বগুড়া জেলা ও দায়রা জজ আদালতে `ই-বেইল বন্ড সিস্টেমের, উদ্‌বোধনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। এ সময় প্রধানমন্ত্রীর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান ও আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান উপস্থিত ছিলেন। এর মধ্যদিয়ে বগুড়াসহ সাত জেলায় এ `ই-বেইলবন্ড সিস্টেম, চালু হলো। এ সময় জেলা ও দায়রা জজ আদালতে আইনজীবী সমিতির নবনির্মিত ভবনও উদ্‌বোধন করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, আইন বিভাগ, শাসন বিভাগ ও বিচার বিভাগ এই তিনটির মধ্যে সমন্বয় করে দেশে ন্যায়ের শাসন প্রতিষ্ঠা করা না গেলে নাগরিকদের গণতান্ত্রিক অধিকারের সুফল মিলবে না। সামাজি ক ভারসাম্য, সমতা এবং অধিকার নিশ্চিত করতে ন্যায় প্রতিষ্ঠা আধুনিক রাষ্ট্র ব্যবস্থার অন্যতম উপাদান, যা মূলত নৈতিকতা, আইন এবং মানুষের প্রাপ্য অধিকার প্রতিষ্ঠার একটি মৌলিক দিক।
(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## বগুড়ায় ফ্যামিলি কার্ড বিতরণ করলেন প্রধানমন্ত্রী

বগুড়ার গাবতলী উপজেলায় ৯১১ জনের হাতে ফ্যামিলি কার্ড তুলে দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার দুপুরে উপজেলার বাগবাড়িতে শহিদ জিয়া ডিগ্রি কলেজ মাঠে এ কার্ড বিতরণ করেন সরকারপ্রধান। অনুষ্ঠানে বিএনপির দলীয় সংগীত `প্রথম বাংলাদেশ আমার শেষ বাংলাদেশ, পরিবেশন করা হয়। এ সময় দাঁড়িয়ে কণ্ঠ মেলান প্রধানমন্ত্রী ও তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। এতে শামিল হন সমাজ কল্যাণমন্ত্রী এ জেড এম জাহিদ হোসেন। সমর্থকরাও দাঁড়িয়ে কণ্ঠ মেলান। নারীর ক্ষমতায়নের মাধ্যমে পরিবারের জীবনমানের উন্নয়নে বিএনপি সরকারের নির্বাচনি অঙ্গীকার পূ রণে গত ১০ মার্চ ঢাকায় `ফ্যামিলি কার্ড, বিতরণ কর্মসূচির উদ্‌বোধন করেন সরকারপ্রধান। পরীক্ষামূলকভাবে আগামী জুন মাসের মধ্যে ১৪টি উপজেলায় ৩৭ হাজার ৫৬৭টি নারীপ্রধান পরিবারের হাতে ফ্যামিলি কার্ড দেওয়া হবে। এর আওতায় প্রতিটি পরিবার মাসে আড়াই হাজার টাকা করে পাবে। পরি বারে মা অথবা নারী প্রধানের নামে এই কার্ড ইস্যু করবে সরকার। ২০৩০ সালের মধ্যে এই কার্ডকে সর্বজনীন সোশ্যাল আইডি কার্ডে রূপান্তর করা হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## দেশের মানুষ তাদের ভোটের অধিকার প্রতিষ্ঠিত করেছে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন , বাংলাদেশের মানুষ তাদের হারিয়ে যাওয়া ভোটের অধিকার প্রতিষ্ঠিত করেছে। তাদের কথা বলার অধিকার প্রতিষ্ঠিত করেছে, যা এক যুগের বেশি সময় ধরে কেড়ে নেওয়া হয়েছিল। তিনি বলেন, গত ১২ ফেব্রুয়ারি দেশের মানুষ তাদের ভোটের অধিকার প্রয়োগ করেছে , যা দীর্ঘ বছর ধরে কেড়ে নেওয়া হয়েছিল। ভোটের অধিকারের মাধ্যমে বাংলাদেশের মানুষ রায় দিয়েছে। ভোটের মাধ্যমে তারা জাতীয়তাবাদী দল বিএনপিকে আগামী পাঁচ বছরের জন্য দেশ পরিচালনার দায়িত্ব দিয়েছে। আজ সোমবার শহরের আলতাফুন্নেছা খেলার মাঠে অনুষ্ঠিত জনসভায় বিএনপি চেয়ারম্যান এসব কথা বলেন। বে লা পৌনে ৬টায় প্রধানমন্ত্রী মঞ্চে এসে পৌঁছালে হাজারো সমর্থক মুহুর্মুহু করতালি দিয়ে সরকার প্রধানকে শুভেচ্ছা জানান। হাস্যোজ্জ্বল প্রধানমন্ত্রী হাত নেড়ে তাদের শুভেচ্ছার জবাব দেন। জেলা বিএনপি এ জনসভার আয়োজন করে। জনসভায় প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন , বিগত এক

যুগেরও বেশি সময় ধরে এই দেশের মানুষের বাক্‌স্বাধীনতা হরণ করা হয়েছিল। সকল প্রকার রাজনৈতিক স্বাধীনতা হরণ করা হয়েছিল, হরণ করা হয়েছিল তাদের ভোটের অধিকার। আমরা দেখেছি, কীভাবে উন্নয়নের নামে প্রতারণা করা হয়েছে, উন্নয়নের নামে লুটপাট করা হয়েছে। অথচ আমরা নির্বাচনের আগে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম, সেই কাজের বাস্তবায়ন আমরা শুরু করছি পর্যায়ক্রমিকভাবে। তিনি বলেন, নির্বাচনের আগে আমরা দেশের মানুষকে বলেছিলাম, আমরা কীভাবে দেশ পরিচালনা করবো। আজকে এই বগুড়ার গাবতলীতে আমরা ফ্যামিলি কার্ড বিতরণ করে এসেছি। দেশের মানুষের সামনে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, বিএনপি যদি সরকার গঠন করতে সক্ষম হয় আল্লাহর রহমতে তাহলে এই দেশের মায়েদেরকে স্বাবলম্বী করার জন্য আমরা ফ্যামিলি কার্ড চালু করবো। সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের কাজ সরকার গঠন করার সাথে সাথে আমরা শুরু করেছি। তারেক রহমান বলেন, শুধু তাই নয়, এইখানে এই মঞ্চে দাঁড়িয়ে আমি বলেছিলাম, বিএনপি যদি সরকার গঠন করতে সক্ষম হয়, তাহলে আমরা দেশের কৃষক ভাইদের পাশে দাঁড়াবো, মা-বোনদেরকে যেমন ফ্যামিলি কার্ড দেবো, কৃষক ভাইদেরকে আমরা কৃষি কার্ড পৌঁছে দেব। কৃষক ভাইদের ১০ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণ আছে, সেই কৃষি ঋণ সুদসহ আম রা মওকুফ করবো। তিনি বলেন, ইনশাল্লাহ আল্লাহর রহমতে আপনাদের দোয়ায় সেই কাজটি সরকার গঠনের প্রথম ১০ দিনের মধ্যে সম্পন্ন করেছি। যার ফলে সারা বাংলাদেশে ১২ লাখ কৃষকের ঋণ মওকুফ হয়ে গেছে সুদসহ।
(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## সৌদিতে বসবাসরত ২২ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট দেওয়া হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আবদুল্লাহ জাফর বিন আবিয়াহ। সোমবার বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তার অফিসকক্ষে এ সা ক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠককালে তারা দুই দেশের আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা ইস্যু, সৌদি আরবে বসবাসরত ৬৯ হাজার রোহিঙ্গাদের বাংলাদেশি পাসপোর্ট প্রদান, পর্যটন ও জ্বালানি খাতে সৌদি বিনিয়োগ বৃদ্ধি এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বৈঠকে র শুরুতে মন্ত্রী রাষ্ট্রদূতকে স্বাগত জানান। রাষ্ট্রদূত নতুন পোর্টফোলিওতে দায়িত্ব গ্রহণের জন্য মন্ত্রীকে অভিনন্দন জানান। মন্ত্রী বলেন, "সৌদি আরব বাংলাদেশের অন্যতম ঘনিষ্ঠ সহযোগী ও ভ্রাতৃপ্রতিম দেশ। দেশটির সঙ্গে বাংলাদেশের সহযোগিতার অনেক ক্ষেত্র রয়েছে। জনশক্তি রপ্তানি ছাড়াও বাংলাদেশের জ্বালানি ও পর্যটন খাতে সৌদি আরবের বিনিয়োগের যথেষ্ট সুযোগ রয়েছে।„ তিনি এসব খাতে বিনিয়োগসহ দুই দেশের সহযোগিতার নতুন নতুন ক্ষেত্র উন্মোচনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। সৌদি আরবে অবস্থানরত ৬৯ হাজার রোহিঙ্গার বাংলাদেশি পাসপোর্ট ইস্যুর প্রসঙ্গ তুলে রাষ্ট্রদূত এই প্রক্রিয়াকে আরও ত্বরান্বিত করার ওপর গুরুত্বারোপ করেন। জবাবে মন্ত্রী জানান যে, প্রয়োজনীয় ডকুমেন্টস বা প্রমাণ সাপেক্ষে ইতোমধ্যে ২২ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট প্রদান করা হয়েছে। এই প্রক্রিয়া ত্বরান্বিত করতে বাংলাদেশ থেকে বিশেষ টিম পাঠানো হয়েছে উল্লেখ করে মন্ত্রী কঠোর হুঁশিয়ারি দেন যে, পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে কোনো ধরনের দুর্নীতি বা অনিয়ম সহ্য করা হবে না। (রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## দেশে জ্বালানির যে মূল্য সমন্বয় করা হয়েছে তা খুবই সীমিত : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, জ্বালানির দাম বৃদ্ধির কারণে যাতে মূল্যস্ফীতির প্রভাব বিভিন্ন খাতে না পড়ে, সে বিষয়ে সরকার সতর্ক রয়েছে। তিনি বলেন, বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে বিশ্বের প্রায় সব দেশেই জ্বালানি তেলের দাম বেড়েছে। সেই তুলনায় দেশে জ্বালানির যে মূল্য সমন্বয় করা হয়েছে, তা খুবই সীমিত। সোমবার সকালে সিলেটের সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে হাম ও রুবেলা টিকাদান ক্যাম্পেইনের উদ্‌বোধন শেষে তিনি এসব কথা বলেন। মন্ত্রী আরও জানান, গত দুই বছরে স্বাস্থ্য খাতে ব্যাপক অনিয়মের কারণে এ বছর হাম ও রুবেলার প্রকোপ বেড়েছে। তবে সরকার পরিস্থিতি মোকাবিলায় প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করছে। এদিকে, সিলেট বিভাগে ১৩ লাখ ৫১ হাজার ৯৬৯ শিশুকে টিকার আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে সি লেট জেলায় ৪ লাখ ৬৫ হাজার ৩৫৪ জন, মৌলভীবাজারে ২ লাখ ১০ হাজার ১৮৬ জন, হবিগঞ্জে ৩ লাখ ৩৩ হাজার ৯৪১ জন এবং সুনামগঞ্জে ৩ লাখ ৪৪ হাজার ৫৮৮ জন শিশুকে টিকা দেওয়ার পরিকল্পনা রয়েছে। মাসব্যাপী এই কর্মসূচির আওতায় সিলেট সিটি করপোরেশনের ৮৪টি কেন্দ্রে টিকা প্রদান করা হবে। ইতোমধ্যে সিলেট বিভাগে হাম ও রুবেলার উপসর্গ নিয়ে ৬ শিশুর মৃত্যুর খবর পাওয়া গেছে। এর আগে, প্রায় শতকোটি টাকা ব্যয়ে নির্মিত ২৫০ শয্যাবিশিষ্ট সিলেট জেলা হাসপাতাল ও শহিদ শামসুদ্দিন আহমেদ হাসপাতাল পরিদর্শন করেন মন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## পৌরসভা প্রতিষ্ঠার দেড়শ বছরে সিটি করপোরেশন পেল বগুড়া

পৌরসভা প্রতিষ্ঠার সার্ধশত বছরে সিটি করপোরেশন পেল উত্তরের জেলা বগুড়া। সোমবার বেলা ১২টার দিকে পৌর ভবনে সিটি করপোরেশনের ফলক উন্মোচন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এর মধ্যদিয়ে ১৩তম নগর সংস্থা হিসেবে বগুড়া সিটি করপোরেশন যাত্রা করল। আ গে থেকে থাকা ১২টি সিটি করপোরেশন হচ্ছে -ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট, নারায়ণগঞ্জ, কুমিল্লা, রংপুর, গাজীপুর ও ময়মনসিংহ। ঐতিহাসিকভাবে, বগুড়া পৌরসভার যাত্রা শুরু হয় ১৮৭৬ সালের ১ জুলাই, ব্রিটিশ শাসনামলে। উত্তরাঞ্চলের প্রাচীন পৌরসভাগুলোর মধ্যে এটি অন্যতম। পৌরসভাটির অধীনে বর্তমানে ২১টি ওয়ার্ড রয়েছে এবং ২০২২ সালের আদমশুমারি অনুযায়ী এর জনসংখ্যা প্রায় ৪ লাখ। ২০০৬ সালে তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সরকারের সময় আশপাশের ৪৮টি মৌজা যুক্ত করে পৌরসভার আয়তন বাড়িয়ে ৬৯.৫৬ বর্গকিলোমিটার করা হয়। একই সঙ্গে ওয়ার্ড সংখ্যা ১২ থেকে বাড়িয়ে ২১ করা হয়। তখনই এটিকে সিটি করপোরেশনে উন্নীত করার পরিকল্পনার কথা জানানো হয়েছিল। তবে দীর্ঘ দুই দশকেও সেই উদ্যোগ বাস্তবায়ন হয়নি।

(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## সংরক্ষিত নারী আসনে ৩৬ জনের নাম ঘোষণা বিএনপির

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ৩৬ প্রার্থীকে মনোনীত করেছে বিএনপি। সোমবার বিএনপির দলীয় সূত্রে এ তথ্য জানা গেছে। এর আগে , দলটির পার্লামেন্টারি মনোনয়ন বোর্ড গত দুইদিনে প্রায় ৯০০ জন মনোনয়ন প্রত্যাশীর সাক্ষাৎকার গ্রহণ করেছে। গুলশানে বিএনপি চেয়ারপার্সনের রাজনৈতিক কার্যালয়ে অনুষ্ঠিত এই সাক্ষাৎকারে দেশের ১০টি সাংগঠনিক বিভাগের প্রার্থীরা অংশ নেন। সাক্ষাৎকারে নারী নেত্রীরা বিগত আন্দোলন -সংগ্রামে নিজেদের ভূমিকা, ত্যাগ এবং দলের প্রতি অবদানের কথা তুলে ধরেন। পাশাপাশি মনোনয়ন পাওয়া বা না পাওয়ার পর করণীয় সম্পর্কেও মতামত দেন এবং দলীয় সিদ্ধান্ত মেনে নেয়ার অঙ্গীকার ব্যক্ত করেন।

**তালিকায় আছেন যারা-**

সেলিমা রহমান, শিরিন সুলতানা, রাশেদা বেগম হিরা, রেহানা আক্তার রানু, নেওয়াজ হালিমা আর্লি, মোছাম্মত ফরিদা ইয়াসমিন, বিলকিস ইসলাম, শাকিলা ফারজানা, হেলেন জেরিন খান, নিলুফার চৌধুরী মনি, নিপুণ রায় চৌধুরী, জেবা আমিন খান, মাহমুদা হাবিবা, সাবিরা সুলতানা, সানসিলা জেবরিন, সানজিদা ইসলাম তুলি , সুলতানা আহমেদ, ফাহমিদা হক, আন্না মিঞ্জ, সুবর্ণা শিকদার, শামীম আরা বেগম স্বপ্না , শাম্মী আক্তার, ফেরদৌসী আহমেদ, বিথীকা বিনতে হুসাইন, সুরাইয়া জেরিন, মানছুরা আক্তার, জহরত আদিব চৌধুরী, মমতাজ আলম, ফাহিমা নাসরিন, আরিফা সুলতানা, সানজিদা ইয়াসমিন, শওকত আর আক্তার, মাধবী মারমা, সেলিনা সুলতানা, রেজেকা সুলতানা।

(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## জ্বালানির মূল্যবৃদ্ধিতে পণ্যের দাম খুব বেশি বাড়বে না: বাণিজ্যমন্ত্রী

বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, জ্বালানির দাম বৃদ্ধির কারণে যাতে মূল্যস্ফীতির প্রভাব বিভিন্ন খাতে না পড়ে , সে বিষয়ে সরকার সতর্ক রয়েছে। বর্তমান বৈশ্বিক প্রেক্ষাপটে বিশ্বের প্রায় সব দেশেই জ্বালানি তেলের দাম বেড়েছে। সেই তুলনায় দেশে জ্বালানির যে মূল্য সমন্বয় করা হয়েছে , তা খুবই সীমিত। সোমবার সকালে সিলেটের সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে হাম ও রুবেলা টিকাদান ক্যাম্পেইনের উদ্‌বোধন শেষে তিনি এসব কথা বলেন। খন্দকার আব্দুল মুক্তাদির বলেন , "আমরা যে খাদ্য খাই, তা জ্বালানি তেলে তৈরি না। এর দাম উৎপাদন খরচ ও পরিবহ ণ ব্যয়ের সঙ্গে জড়িত। ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রিতেও জ্বালানি খরচ হয় মোট উৎপাদন খরচের ৭ থেকে ৮ শতাংশ। তাই পণ্যমূল্য খুব বেশি বাড়বে না।„

(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## ১৮টি দেশে কর্মী পাঠানোর চুক্তি হয়েছে: নুরুল হক

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক বলেছেন, বর্তমানে বাংলাদেশ থেকে কর্মী পাঠানোর বিষয়ে ১৮টি দেশের সঙ্গে সমঝোতা স্মারক /চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সোমবার সংসদে কুড়িগ্রাম -২ আসনের এনসিপির সদস্য আতিকুর রহমান মোজাহিদের তারকাচিহ্নিত এক প্রশ্নের জবাবে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরীর পক্ষে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। মন্ত্রী বলেন , "সৌদি আরবের পর অন্যতম বড়ো শ্রমবাজার হচ্ছে মালয়েশিয়া। মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্তকরণের লক্ষ্যে সরকার কাজ করছে। প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগে এপ্রিল মাসের ৮ থেকে ১১ তারিখ পর্যন্ত এ মন্ত্রণালয়ের উপদেষ্টা মাহদী আমিন এবং আমি (আরিফুল হক চৌধুরী) দেশটি সফর করেছি এবং মালয়েশিয়ার সরকার ও আমাদের মধ্যে ফলপ্রসূ আলোচনা হয়েছে। আশা করছি , অতিদ্রুত

দেশটিতে বাংলাদেশি কর্মী প্রে রণের পথ সুগম হবে। „ তিনি বলেন, ”বাংলাদেশি কর্মীদের জন্য বন্ধ এবং সংকুচিত শ্রমবাজার মালয়েশিয়া , ওমান, সংযুক্ত আরব আমিরাত ও বাহরাইনে কর্মীর প্রেরণের লক্ষ্যে দেশগুলোর সঙ্গে কূটনৈতিক আলোচনা অব্যাহত রয়েছে। „ আরিফুল হক চৌধুরী বলেন , বিদেশে দক্ষ কর্মী পাঠানোর উদ্দেশ্যে ১ লাখ ড্রাইভার তৈরির জন্য `দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান , শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন, সরকারের কূটনৈতিক প্রচেষ্টায় যুদ্ধ পরিস্থিতির কারণে মধ্যপ্রাচ্যের যে -সব দেশে বাংলাদেশি কর্মীদের ভিসার মেয়াদ শেষ হয়েছে, তাদের ভিসার মেয়াদ পর্যায়ক্রমে বৃদ্ধি করা হচ্ছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

## ৬ উইকেটের জয়ে সিরিজে সমতায় ফিরলো বাংলাদেশ

তিন ম্যাচের ওয়ানডে সিরিজের দ্বিতী য় ম্যাচে ৬ উইকেটে জয়লাভ করেছে বাংলাদেশ। এই জয়ের মাধ্যমে সিরিজে সমতা আনলো স্বাগতিকরা। সোমবার মিরপুর শের-ই-বাংলা ক্রিকেট স্টেডিয়ামে টস জিতে আগে ব্যাট করার সিদ্ধান্ত নেয় কিউই অধিনায়ক টম ল্যাথাম। ম্যাচের শুরু থেকেই বোলিংয়ে শৃঙ্খলা দেখায় বাংলাদেশ। কিউইদের ২০০ রানের আগেই থামিয়ে দেয় তারা। পেসার নাহিদ রানা ছিলেন সবচেয়ে কার্যকর , একাধিক গুরুত্বপূর্ণ উইকেট তু লে নিয়ে প্রতিপক্ষের ইনিংসের গতি থামিয়ে দেন। পুরো ইনিংসে ধুঁকতে থাকা নিউজিল্যান্ডকে ১৯৮ রানে অলআউট করে বাংলাদেশ। বাংলাদেশের লক্ষ্য দাঁড়ায় ১৯৯ রান। লক্ষ্য তাড়া করতে নেমে শুরুটা ঝড়ো হলেও দ্রুত ২ উইকেট হারায় বাংলাদেশ। সাইফ হাসান ও সৌম্য সরকার আউট হলে কিছুটা শ ঙ্কা তৈরি হয়। কিন্তু সেখান থেকেই ম্যাচের মোড় ঘুরিয়ে দেন তানজিদ হাসান তামিম ও নাজমুল হোসেন শান্ত। ৩৩ বলে ফিফটি তুলে নেন তানজিদ তামিম। তাদের ১২০ রানের জুটি কার্যত ম্যাচ শেষ করে দেয়। তানজিদের আগ্রাসী ব্যাটিং ছিল চোখে পড়ার মতো মাত্র ৫৮ বলে ৭৬ রান করে দলকে জয়ের দ্বারপ্রান্তে পৌঁছে দেন তিনি। অন্যদিকে শান্ত খেলেন ধীরস্থির ইনিংস, ৫০ রান করে অপরাজিত থাকেন। শেষ পর্যন্ত ৮৭ বল হাতে রেখেই জয় নিশ্চিত করে বাংলাদেশ , যা দলের আত্মবিশ্বাস বাড়াবে নিঃসন্দেহে। বোলিং ও ব্যাটিং- দুই বিভাগেই সমন্বিত পারফরম্যান্সই এনে দিয়েছে এই জয়। এই জয়ের ফলে তিন ম্যাচের সিরিজ এখন সমতায়। ফলে সিরিজ নির্ধারণী ম্যাচে দুই দলই নামবে সমান সম্ভাবনা নিয়ে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২০.০৪.২০২৬ আসাদ)

# BBC

## THE INSIDER TRADING SUSPICIONS LOOMING OVER TRUMP'S PRESIDENCY

Throughout US President Donald Trump's second term in office, traders have been betting millions of dollars just before he makes major announcements. The BBC has examined trade volume data on several financial markets and matched them to some of the president's most significant market-moving statements. It found a consistent pattern of spikes just hours, or sometimes minutes, before a social media post or media interview was made public. Some analysts say it bears the hallmarks of illegal insider trading, whereby bets are made by people based on information that is not available to the general public. Others say the picture is more complicated and that some traders have become more adept at anticipating the president's interventions. (BBC Web page : 20.04.2026 Ali Ahmed)

## JAPAN ON HIGH ALERT FOR 'HUGE' SECOND QUAKE AFTER ISSUING TSUNAMI WARNING

Officials in Japan have warned of an increased risk of a "huge" earthquake in the next week after a 7.7 magnitude quake struck off the north-east coast, triggering an evacuation order and warnings of 3m tsunami waves. Thousands of people were told to leave coastal areas for higher ground after the quake in waters off Iwate prefecture, 530km (330 miles) north of the capital Tokyo. The biggest waves measured 80cm but the meteorological agency in earthquake-prone Japan warned that quakes "causing even stronger shaking" could occur in the next week, producing bigger waves. Later, the agency warned the risk of a quake measuring 8.0 or higher was now "relatively higher than during normal times". People in Japan are still scarred by memories of a huge quake in 2011 that triggered a tsunami which killed more than 18,000 people and caused a meltdown at the Fukushima nuclear plant. After Monday's undersea quake, recorded at a depth of 10km, warnings of possible bigger waves were issued to residents in areas nearest the epicentre - in Japan's main island, Honshu, and the northern region of Hokkaido.(BBC Web page : 20.04.2026 Ali Ahmed)

**TEHRAN WILL NEVER CEDE CONTROL OF STRAIT OF HORMUZ, SENIOR IRANIAN POLITICIAN TELLS BBC**

"Never." That's when a senior Iranian lawmaker says they'll be ready to give up their control of the Strait of Hormuz. "It's our inalienable right," Ebrahim Azizi, a former commander in Iran's Islamic Revolutionary Guards Corps (IRGC), tells the BBC in Tehran. "Iran will decide the right of passage, including permissions for vessels to pass through the Strait." And he says that's about to become enshrined in law. "We are introducing a bill in parliament, based on article 110 of the constitution, which includes the environment, maritime safety and national security - and the armed forces will implement the law," says this member of parliament who heads the Committee for National Security and Foreign Policy. As worry mounts about the closure of this strategic waterway causing growing economic shocks worldwide, it's becoming clear this is not a short-term crisis to be resolved in a day. War has handed Tehran what it sees as a new weapon - Azizi described this highly strategic strait Iran has managed to weaponise during this conflict as "one of our assets to face the enemy".
(BBC Web page : 20.04.2026 Ali Ahmed)

**INDIA HAS SPLURGED BILLIONS ON METRO TRAINS. BUT WHERE ARE THE COMMUTERS?**

On a weekday evening last month, Mumbai's southbound Aqua Line metro train nearly emptied out a couple of stops before the final one. On de-boarding, the last station bore the look of a desolate Soviet-era structure rather than a bustling train terminal in a city where crowds typically jostle for space. Aqua Line is the city's new fully underground metro train connecting the old business district of Cuffe Parade to newer commercial hubs like BKC and the airport terminals in the northern suburbs. It opened last year. The 33.5km (20.8-mile) corridor was expected to ease congestion in India's financial capital and projected to carry nearly 1.5 million passengers every day. The actual numbers are about a tenth of that, according to various estimates. "Not a lot of people are using the line. It's too expensive," a ticketing executive told the BBC at Cuffe Parade station.
(BBC Web page : 20.04.2026 Ali Ahmed)

**NEW ZEALAND DECLARES STATE OF EMERGENCY IN WELLINGTON AS FLOODS HIT**

New Zealand has declared a state of emergency in its capital city Wellington as torrential rain and flash flooding drenched the country's North Island. Footage online shows vehicles submerged, trees uprooted and houses hit by landslides. Wellington received a record 77mm (3in) of rain in less than an hour on Monday, said mayor Andrew Little. Local authorities advised residents to hunker down, with rain forecast for the next day and a half. Some flights at Wellington Airport have been cancelled and several schools have shut their campuses. More than a dozen people have been evacuated while a 60-year-old man in the Karori suburb has been reported missing. No fatalities have been reported so far. This series of flash floods comes less than a week after Cyclone Vaianu swept through the North Island last weekend. (BBC Web page : 20.04.2026 Ali Ahmed)

**RUMEN RADEV'S PARTY WINS BULGARIAN ELECTION**

Rumen Radev's Progressive Bulgaria (PB) party has won a landslide victory in Sunday's Bulgarian election - the eighth general election in five years. With almost 100% of the vote counted, his PB movement, only set up 4 months ago, won 44.7% and has secured a majority of 135 seats in the 240-seat parliament. It is the first time since 1997 that a single Bulgarian party has sufficient seats to govern alone. Ex-prime minister Boiko Borisov's GERB party came second with 13.4%, with the liberal PP-DB coalition third with 12.8%. The election was called after the previous government tried to push through a controversial budget in December, prompting mass protests which Radev, as president, supported. "People rejected the self-satisfaction and arrogance of old parties and did not fall prey to lies and manipulation. I thank them for their trust," Radev said, in his victory speech. He promised to build "a strong Bulgaria in a strong Europe".
(BBC Web page : 20.04.2026 Ali Ahmed)

**:: THE END ::**